অপরাগব্যতিকরাং (অপগতঃ রাগব্যতিকরঃ বর্ণপ্রভাসমূহঃ যশ্চাঃ তাং, পক্ষে বিরহহেতুনা বিরাগপূর্ণাং মলিনাং বা) পরিধ্বস্তামোদাং (বিগত-সৌরভাং, পক্ষে স্তূঃখিতাং) বিরমিতসমস্তালি-কুতুকাং (বিরমিতং নিরস্তং সমস্তং সকলং অলীনাং ভ্রমরাণাং কুতুকং লৌল্যং যশ্চাং তাং পরিশুক্কাং, পক্ষে বিরমিতং বিরহ-বৈবশ্চাং বিশ্রান্তিং নীতং সমস্তসখীনাং কুতুকং বিনোদঃ যয়া ; তথাহি বাসনাভাষ্যোখাপিতায়েষবচনং,—‘রাধা তস্তাব-সংলীনা বাসনায় বিরামিতা,) পাদস্পর্শাদপি (কিরণস্পর্শাদপি, ‘পাদাঃ রশ্ম্যভি-তূৰ্ব্যাংশাঃ’ইত্যমরঃ, পক্ষে চরণস্পর্শাদপি বিরহদশায়্যাং দৈন্ত-সঞ্চায়্যাদয়াং) স্তথয় (নন্দয়) ।

বিধো ইতি—বিধুশব্দস্য মুক্তপ্রগ্রহণায়েন শ্রীনন্দনন্দন এব বিশ্রান্তিঃ প্রতিপাদিতা, শ্রীজীবগোষ্মাচরনৈর্ভক্তিরসামৃতসিন্দু-টীকায়্যাং যথা,—‘বিধুঃ শ্রীকৃষ্ণঃ । যদ্যপি ‘বিধুঃ শ্রীবৎসলাহনঃ’ ইতি সামান্যভগবদাবির্ভাব-পর্দায়স্তথাপি বিধুনোতি খণ্ডয়তি সর্ষদুঃখং অতিক্রাম্যতি সর্ষকেতি’, অস্মিন্ শ্লোকে শব্দার্থয়োঃ প্লেষঃ স্পষ্টঃ । তথা চালকারকৌস্তভে, ‘অনেকার্থ-প্রতিপাদকতা যদি একার্থস্য তু শব্দস্য তদা প্লেষঃ স কথ্যতে ।’ কুমুদিনী-রাধয়োস্তাদাত্ম্যপ্রতীতেঃ রূপকালকারশ্চ তয়োমিশ্রণাং সংস্করঃ । ২৩

অনুবাদ । হে গোকুলচন্দ্র, অন্তর্গত বিরহ সস্তাপে শ্রীরাধা ভূমিতে বিলুপ্তিত হইতেছেন । তাঁহার শরীর অত্যন্ত ক্ষীণ হইয়াছে ও মহতী উৎকর্ষা দৃষ্ট হইতেছে । বিগাঢ় বিরহ-নিবন্ধন তিনি সকল বস্তুতেই বিরাগ ভঞ্জন করিতেছেন অথবা অন্ধ মলিন হইয়াছে, তাঁহার আর পূর্বের মত অঙ্গের কনককান্তি দেখা যায় না । তাঁহার সকল আনন্দ বিলুপ্ত হইয়াছে, সখীগণের সহিত হাস্য কৌতুকও নিরস্ত হইয়াছে ; এরূপ অবস্থায় তুমি চরণ স্পর্শ দ্বারাও রাধা-কুমুদিনীকে স্তম্বী কর ।

কুমুদিনী পক্ষে :—হে চন্দ্র, যে কুমুদিনীর অভ্যন্তর কীটাদি দ্বারা ক্ষত-
হেতু সাতিশয় পরিমিত হইয়াছে, ষায়া তরঙ্গাভিঘাতে আন্দোলিত
হইতেছে, ষাহার বর্ণ-প্রভাসমূহ ও স্নগন্ধ অপগত হইয়াছে এবং শুকতা
হেতু ভ্রমর সকলের ষাহাতে কোতূহল পরিদৃষ্ট হয় না, সেই কুমুদিনীকে
কিরণ দ্বারা স্পর্শ করিয়া সুখী কর । ২৩

বিপত্তিভ্যঃ প্রাণান্ কথমপি ভবৎসঙ্গমসুখ-

স্পৃহাধীনা শৌরে । মম সহচরী রক্ষিতবতী ।

অতিক্রান্তে সম্প্রত্যবধিদিবসে জীবনবিধৌ

হতাশা নিঃশব্দং বিতরতি দৃশৌ চূতমুকুলে ॥ ২৪

বিপত্তিভ্য ইতি । শৌরে (হে শূরকুলোদ্ভূত, এতেন ক্ষত্রিয়োচিতং
কৌটিল্যং ক্রুরত্বঞ্চ ধনিতম্) মম সহচরী ভবৎসঙ্গমসুখস্পৃহাধীনা (ভবতঃ
সঙ্গমে ভাবিমিলনে যৎ সুখং তস্মিন্ ষা স্পৃহা লালসা তস্মা অধীনা বশীভূতা
সতী) বিপত্তিভ্যঃ (বিরহদুঃখেভ্যঃ) কথমপি প্রাণান্ রক্ষিতবতী
(প্রাণাহুক্রান্তপ্রায়ান্, সাশাপার্শৈবদ্ধা কেনোপায়েন ধৃতবতীত্যর্থঃ) । সস্মৃতি
অবধিদিবসে (তব নির্নীতে ব্রজাগমনদিনে) অতিক্রান্তে (গতে সতি)
জীবনবিধৌ (প্রাণরক্ষণে) হতাশা (নীরাশা সতী) নিঃশব্দং ষথা স্যাস্তথা
চূতমুকুলে (আত্মকলিকায়াম্) দৃশৌ (নয়নে) বিতরতি (কিরতি) ।

চূতমুকুলোদগমো হি বসন্তকালং সূচয়তি । এতাবস্তং কালং প্রিয়-
তমস্যাগমনাশয়া তয়া প্রাণাঃ ক্লেশেন ধৃতঃ, অধুনা তু সা নিরাশা সতী
প্রিয়-স্বভূত্বাদীপকত্বাৎ চূতমুকুলং পশ্যতি, তেন তূর্ণমেব গভীরবিরহদুঃখেন
সা প্রাণাংস্ত্যক্তা সমর্ষা ভবিষ্যতীত্যাশয়ঃ । তথা হি শ্রীমহাভবসন্দেহে ;—

‘আশাপাটৈঃ সখি ! নবমবৈঃ কুর্কতী প্রাণবদ্ধং

জাত্যা ভীকঃ কতি পুনরহং বাসরান্ধি করিষ্যে ।

এতে বৃন্দাবনবিটপিনঃ স্মারয়ন্তো বিলাসা-
হুংকুরাস্তান্ মম কিল বলায়স্ম নির্মূলমুত্তি'

অত্র কুসুমিতবৃন্দাবনদর্শনে উদ্দীপিতকুসুমুত্তিঃ
বিলাপতি । ২৪

অনুবাদ । হে শূরকুলোদ্ভূত-কুটিলশিরোমণে, আমার সহচরী তোমার
সহিত ভাবিমিলন বিষয়ে লালসাবিত হইয়াই কোনও প্রকারে এই
ভ্রমাবহ বিরহদুঃখসমূহ হইতে বহির্গত-প্রায় প্রাণ রক্ষা করিয়াছেন ।
কিন্তু তুমি যে দিবস ব্রজে আগমন করিবে বলিয়া প্রতিজ্ঞা করিয়াছিলে,
তাহা অতীত হওয়ার আমার সখী জীবন ধারণ বিষয়ে হতাশা হইয়া নির্ভয়ে
এখন আশ্র-মুকুলের দিকে দৃষ্টি নিক্ষেপ করিতেছেন ।

তাৎপর্য্য এই যে, পূর্বে তোমার আগমন আশায় কোন রূপে তিনি প্রাণ
ধারণ করিয়া আসিতেছিলেন কিন্তু সে বিষয় এখন নিরাশা হইয়া বাহাতে
শীঘ্রই প্রাণ-ত্যাগ হয়, সেই ভয় বসন্তকালে উদগত আশ্রমুকুল দর্শন করিতে-
ছেন । উহা তোমার স্মৃতি সাত্বিকরূপে উদ্দীপিত করিয়া তাঁহার প্রাণ-
ত্যাগের সহায় হইবে । প্রাণধারণের ইচ্ছা নাই বলিয়াই তিনি নির্ভয়ে
মুকুল দেখিতেছেন, যেন তাঁহার অভিপ্রায় এই যে, আর শ্রীকৃষ্ণ-স্মৃতি
জাগাইয়া তাঁহাকে দুঃখ দানে উহা সমর্থ হইবেন। কারণ শীঘ্রই স্মৃতিশা
আগমন করিবে । পূর্বে কিন্তু তোমার স্মৃতি-উদ্দীপক বস্তু দর্শন করিলে
তিনি নয়ন নিমীলন করিতেন অতএব এখনও যদি তাঁহাকে দেখিতে
সাধ থাকে, শীঘ্র ব্রজে আগমন কর । ২৪

প্রায়ীকায়ারসস্বাদস্মৃতিভিক্তস্বপরিপতে-

বিষ্ণুকায়্যস্যস্বাদস্বাদস্বাদস্বাদঃ পরিকরনৈঃ ।

অমুকন্তী সঙ্গং কুবলয়দৃশঃ কেবলমসৌ
বলাদ্য প্রাণানবতি ভবদাশা-সহচরী । ৯৫

প্রতীকারেতি । কেবলং অসৌ ভবদাশা-সহচরী (ভবদাগমনাশৈব সহচরী সখী) ব্যক্তস্বরকদনভাজঃ (বাকুঃ সর্ষগোচরীভূতঃ স্বরঃ প্রেম- বিশেষঃ তেন স্বং কদনং পৌড়নং তদ্যুক্তায়াঃ) উদ্যৎপরিণতেঃ (উদ্যন্তী উদয়ং গচ্ছন্তী পরিণতিরন্তিমাবস্থা যশাস্তাদৃশ্যাঃ অতএব) প্রতীকার- রন্তুপ্রথমতীতিঃ (ইয়ং রাধা ন জীবিত্যতীতি নিশ্চয়েন তৎকদনস্য প্রতীকারান্তে প্রতিবিধানকার্যো শিথিলপ্রবৃত্তেঃ সন্তিঃ) পরিজনৈঃ (অস্ব- ষ্টৈধেঃ) বিমুক্তায়াঃ (ভূমিশয্যায়াঃ শরানায় ইত্যর্থঃ আশৈব অসাধ্যোহপি রোগে স্বসামর্থ্যেন চিকিৎসিতুং প্রবৃত্তেত্যাহ)—কুবলয়দৃশঃ (নলিননয়নারা রাধায়াঃ) সঙ্গং অমুকন্তী (অত্যজন্তী) অদ্য বলাৎ (বলমাপ্তিত্য) প্রাণান্ অবতি (রক্ষতি) ।

অস্মিন্ শ্লোকে পাঠান্তরং ‘উদ্যৎপরিণতৈঃ’ ইতি দৃশ্যতে । শ্রীমদুজ্জল- নীলমণৌ হঠাস্তপাঠো দৃশ্যতে । স এব শ্রীজীবগোষামিচরুণৈঃ বিশ্বনাথচক্র- বস্তিপাদৈরপি গৃহীতঃ । তেষাং টীকাহুসরণেনৈব শ্লোকমিদং ব্যাখ্যাত্তং । ব্যক্তিচারিতাবপ্রকরণে ‘আধিনা’ গ্নানেকদাহরণমিদং । মানিহি নির্কলতা, উক্তঞ্চ শ্রীজীবগোষামিপাঠৈঃ,—‘তদেবং ললিতা স্বামীনিমিত্তা তামাশাযেব ভবতী তস্যাস্তবাশায়াঃ পালনং ন ভবতা ত্যাঙ্গ্যমিতি ব্যঞ্জয়তি । অত্র চ বলাদ্যাহবতীতি বলন্ত তস্যঃ স্বঃ স্বাতা ন বেতি বিতর্ক্য তৎপর্বাঙ্গ্যমপি বিলম্বং সা কাব্যীরিতি ভারঃ ।’ আনন্দচন্দ্রিকা টীকা চ,—‘তেন স্বং প্রেমসু সা আশাসহচর্যেব জীবয়ন্তী সঙ্গান্তি বর্জতে । সা চাবধিবিবস্যাৎ পরমিত্তে ন স্বাস্ত্রীতি ককতা ন জ্ঞানত এব ইতি একমথো শীল্যাগুণবাসিতি কনিঃ’ । ৯৫

অহুবাদ । নলিননয়না রাধার সাতিশর পীড়া নিবন্ধন দশমী দশা আসন্ন। অতএব এই রাধা আর জীবিতা রহিবেন না—এই রূপ নিশ্চয়-করিয়া সেই পীড়ার প্রতিকার বিষয়ে তদীয় পরিজন আমরা সকল প্রয়াস পরিত্যাগ করিয়াছি । তিনি ভূমি-শয্যায় শয়না আছে ন কিন্ত হে কৃষ্ণ এখনও তোমার আশা-রূপ সহচরী রাধার সঙ্গ কোন প্রকারেই ত্যাগ করিতেছে না । উহা তাহার নির্গতপ্রায় প্রাণসমূহ বলপূর্ব্বক রক্ষা করিতেছে । অতএব রাধিকা আগামী কল্য জীবিত থাকিবে কিনা, এই রূপ বিতর্ক করিয়া সেই পর্য্যন্ত কালও বিলম্ব করিওনা । শীঘ্র বৃন্দাবনে আগমন কর ।—ইহাই শ্রীললিতার বাক্যানিহিত নিগূঢ় রহস্য । ২৫

অয়ে রাসক্রীড়ারসিক । মম সখ্যাং নবনবা

পুরা বন্ধা যেন প্রণয়লহরী হস্ত গহনা ।

স চেমুক্তাপেক্ষমসি ধিগিমাং তুলশকলং

ষদেতস্তা নাসা-নিহিতমিদমদ্যাপি চলতি ॥ ২৬

অয়ে ইতি । অয়ে রাসক্রীড়ারসিক (হে রাসলীলারসিক) হস্ত (খেদে) যেন (স্বয়া) পুরা (পূর্ব্বং) মম সখ্যাং (রাধায়াং) নবনবা (নিত্যানুতন্য অহুরাগময়ীত্যাৰ্থঃ) গহনা (দুর্গমা গভীরা বা) প্রণয়লহরী (প্রেমতরঙ্গঃ) বন্ধা, স ত্বং চেৎ (ষদি) মুক্তাপেক্ষঃ অসি (ইমাং নাপেক্ষসে, এতেনৌদাসীন্যাং ধ্বনিতম্) তদা ইমাং (মৎসখীং) ধিক্ (ষদিয়ং তু স্বমপেক্ষত এবোতি ভাবঃ) যৎ (যতঃ) এতস্তাঃ (মৎসখ্যাঃ) নাসানিহিতং (নাসায়াং স্তম্ভং, অধুনাস্যাঃ প্রাণাঃ সস্তি ন বেতি সন্দেহে) ইদং তুলা-শকলং (তুলাখণ্ডং) অদ্যাপি চলতি (স্পন্দতে, অধুনাপি জীবিতা সত্যার্থঃ) ।

শ্রীমদ্বৈষ্ণবনীলমণৌ সুদূরপ্রবাসাখ্য-বিপ্রলঙ্কপ্রকরণে দশম্যা বৃত্তিশায়া উদাহরণমিদং । তদাহ কৃতিকচক্রবর্তী শ্রীমদ্বৈষ্ণবাখচক্রবর্তিপাদঃ, 'রাসেতি

রাসকীড়ায়াং রসং ত্বেবেব বেৎসি, যতো রাধেয়ং ত্বয়া দূরহা পাজীকতেতি
ব্যাভস্ততিধ্বনিতা । যতো রাসকীড়ায়াং মূলকারণং শ্রীরাধৈবেতি হে-
লকারশ্চামুখনিতঃ ।’ তথাহি শ্রীললিতমাধবে,—

“স্বমস্মাকং যস্মিন্ পশুপরমণীনাং রচিতবান্

সদা ভূয়োভূয়ঃ শ্রণয়-গহনাং তুষ্টিমহরীম্ ।” ২৬

অনুবাদ । অয়ে রাসলীলারসিক, তুমিই রাসরসের সম্যক্ বোঝা কারণ
যে লীলার শ্রীরাধাই মূল কারণ, তাহাকে তুমি অশেষ হুঃখ প্রদানপূর্বক
দূরে রাখিয়াছ । এই ভুল বুদ্ধিতেছি, তুমিই রসিক বটে ! (ভক্তির
ছলে শ্রীকৃষ্ণের রসজ্ঞানের অভাবরূপ নিন্দাই এখানে অভিপ্রেত) । যে তুমি
পূর্বে ব্রজবাসকালে আমার সখীকে নিতা নব নব অমুরাগপূর্ণ গভীর
প্রেমপ্রবাহে অভিযুক্ত করিয়াছিলে, সেই তুমিই যদি আজ প্রেমে
উদাসীন হও, তবে এই রাধিকারই জীবনে দিক, কারণ ইনি এখনও
তোমার অপেক্ষা করেন । তাহার লক্ষণ এই যে, এখনও উহার প্রাণবায়ু
বহিতেছে কিনা এজন্য নাসিকারক্কে তুলাখণ্ড প্রদান করিয়া তাহার পরীক্ষা
করা হইতেছে ।

তাৎপর্য্য এই যে—যখন তোমার এতাদৃশ উদাসীন সঙ্কেত তাহার
জীবনের কিছু লক্ষণও দৃষ্ট হইতেছে, ইহাতে তাহার ভাগ্যকেই নিন্দা
করি । এখনও তাহার দেহ হইতে প্রাণ বহির্গত হইল না কেন ? এখানে
শ্রীরাধিকার ভাগ্য দিকারছলে তদীয় একনিষ্ঠ প্রগাঢ় প্রবল প্রেমই সূচিত
হইতেছে । সেই ভুল শ্রী-উজ্জলে প্রেমের লক্ষণ এইরূপ দেখা যায়,—

সর্বথা ধ্বংসরহিতং সত্যপি ধ্বংসকারণে ।

কঠাববন্ধনং বুনোঃ স প্রেমা পরিকীর্তিতঃ ॥

অর্থাৎ প্রেমধ্বংসের বা ভয়ের নানাবিধ কারণ থাকিলেও বাহা অক্ষুণ্ণ থাকে, এইরূপ নারক নারিকার ভাববহুকেই প্রেম বলে। সেই প্রেমের সর্বোপরি কথা অর্থাৎ মাদনাথ্য মহাভাবই শ্রীরাধিকার স্বরূপ,—

‘মহাভাবস্বরূপেয়ং গুণৈরতিবরীয়সৌ’ ।

এই শ্লোকে ব্যাঙ্গভূতি অর্থাৎ প্রশংসার ছলে নিন্দা বা নিন্দার ছলে ভূতিক্রম ব্যাঙ্গভূতি অলঙ্কার ও হেতুসংহার দৃষ্ট হয়। এই শ্লোকে শ্রীরাধার দশমী দশাই অভিব্যক্ত হইয়াছে। ২৬

মুকুন্দ ! ভ্রাস্তাকী কিমপি যদসঙ্কল্পিত-শতং

বিধন্তে তদ্বক্তৃং জগতি মনুজঃ কঃ প্রভবতি ।

কদাচিৎ কল্যাণী বিলপতি যত্বেকস্তিতমতি-

স্তদাখ্যামি স্বামিন্ ! গময় মকরোস্তংস-সবিধম্ ॥ ২৭

দশমী-দশাবর্ণনাস্তরমিহানীঃ সচেতনায়ঃ শ্রীরাধায়ঃ বিলাপমনুভবদগ্ধাহ মুকুন্দেতি । স্বামিন্ মুকুন্দ (ইতি সর্ষোধনং) ভ্রাস্তাকী (ঘূর্ণিতনয়না দিব্যোগ্রাহাদিতি শেষঃ) (ইয়ং যম সখী) যৎ কিমপি (অনির্কল্পনীয়ং) অসঙ্কল্পিতশতং (মনসাপি যৎ কদাপি ন কল্পিতং চিন্তিতং তৎশতং) বিধন্তে (করোতি), জগতি কঃ মনুজঃ (মনুয্যঃ) তদ্বক্তৃং (তৎ কথয়িতুং) প্রভবতি (সমর্থো ভবতি, ন কোহপীত্যর্থঃ ইয়ং) কল্যাণী (নিখিল-সুখলাধারভূতা, বা পরমামঙ্গলদশায়ামপি স্বভাগ্যমেব বিকরোতি কিন্তু তব কল্যাণমেবাশংসতে) কদাচিৎ উৎকৃষ্টমতিঃ (ব্যাধা সতী, অত্র উষেগ-দশা ধ্বনিতা । ‘উষেগো যনসঃ কঙ্গঃ’ ইত্যাদি) যৎ বিলপতি তৎ আখ্যামি (কথয়ামি), মকরোস্তংসসবিধং (মকরাকৃতে উক্তংসে কর্ণভূষণে যরোস্তয়োঃ কর্ণরোয়িত্যর্থঃ সন্নিহং সমীপং) গময় (প্রাপয় শৃণিত্যর্থঃ) । অত্র গদযোমিতি পাঠান্তরং পৃথুভে, তত্রিহি সমানার্থকম্ ।

অগ্নিন্ শ্লোকে দিব্যোগ্নাদবত্যাঃ শ্রীরাধারারতর্কশারামর্কবাহুদশারাক
মদৃষ্টাশ্চতরাহুভাবাঃ দৃশ্যন্তে, তে হি অনির্বাচনীয়াঃ । বাহুদশারাং বংকিমপি
স্যা বিলপতি তন্ত দিগ্ চর্শনমাত্রং করোমীতি ভাবঃ । ‘বিলাপঃ ছুঃখজং বচঃ’
ইতি শ্রীমদুজ্জলে । ২৭

অনুবাদ । হে মথুরার অধিপতি প্রভো মুকুন্দ, আমার সখী স্বর্ণকিরীটময়
হইয়া মানস সংকল্পেরও আগোচর বাহা কিছু করেন, তাহা অগতে কোন
মানুষই বলিতে সমর্থ নহে অর্থাৎ অলৌকিক দিব্যোগ্নাদ চেষ্টা বর্ণন করিতে
কেহই সমর্থ নহে । তবে অত্যন্ত উবেগজনিত তাহার বুদ্ধি চঞ্চল হইয়া
থাকে ও তখন সে বেরূপ বিলোপ করে তাহা বলিতেছি,—প্রবণ কর ।
শ্রীগোবিন্দ কবিরাজ কৃত একটি পদে এই রূপ ভাব দেখা যায়,—

সুরছিত বব রহ নারী
সো ছুঃখ কো কহ পারি ।
বব তোরি নামই সোই
চেতন পাই বত য়োই ।
সো কিছু শুনহ কান
হাম কহিরে তহু গান ।
কহইতে বিদরে পরাণ
গোবিন্দদাস পরমাণ । ৩৭

অতুং কোহপি প্রেমা ময়ি সুররিপোর্ধঃ সখি ! পুরা
পরাং মর্দ্বাপেকামপি তদবলম্বাদলময়ম্ ।
ভগ্নোদারীঃ হা ! ধিক্ কামরূপি তদৈকঃ কুর্ভবতঃ
অসং কামরাং যেন নপশিহ পুরমর্দ্বাপিকুরপি ৫ ৩৮

ইদানীং শ্রীরাধাবিলাপং বর্ণয়ত্যত্ৰুদিতি । সখি (ইতি সন্মোদনং) পুরা
 (শ্রীকৃষ্ণ ব্রজবাসকালে) মুররিপোঃ (শ্রীকৃষ্ণ) ময়ি (রাধায়াং) ষঃ
 কোহপি (অনির্কচনীয়ঃ) প্রেমা অভূৎ তদবলঘাৎ (তস্ত প্রেমঃ আশ্রয়ণাৎ)
 পরাং (মহতীং) ধর্মাপেক্ষামপি (লোকবেদমর্ধ্যাদারূপামিতি শেষঃ)
 অলয়য়ং (নাগণয়ং, তুচ্ছীকৃতবতী লজ্জাপাতিব্রত্যধর্মত্যাগাদিতি ভাবঃ) ।
 হা ধিক্ (সান্তিশয়ধেদে) তথা ইদানীং (অধুনা) ক্ষুটম্ (স্পষ্টং যথা
 স্তাস্তথা) তটস্থঃ (উদাসীনঃ অপেক্ষারহিতঃ) সমজনি (জাতঃ স
 মধিবয়কঃ কৃষ্ণ-প্রেমেতি শেষঃ) যেন (হেতুনা) পুনঃ ইহ (বৃন্দাবনে)
 কণমপি জীবিতুম্ লজ্জাং ভজে (প্রাপ্নোমি) ।

অগ্নিন্ শ্লোকে বিরহোখঃ ব্যাভিচারিভাবনির্বেদঃ পরিশ্ফুটঃ । ‘নির্বেদ
 আত্মধিকারঃ’ শ্রীবিদগ্ধমাধবে শ্রীরাধায়াঃ পূর্বরাগদশায়াং শ্রীকৃষ্ণস্তোপেক্ষা-
 প্রসঙ্গেহপি ঈদৃশী সমভাবাঙ্ঘিকান্তিদৃশ্যতে, যথা :—

‘ধর্মঃ সোহপি মহান্ ময়া ন গণিতঃ সাধ্বীভিরধ্যাসিতো
 ধিগ্ ধৈর্য্যং তহুপেক্ষিতাপি বদহং জীবামি পাপীয়সী । ৯৮

অনুবাদ । হে সখি, কৃষ্ণের ব্রজবাসকালে আমার প্রতি কোন
 এক অনির্কচনীয় প্রেম উপজাত হইয়াছিল । সেই প্রেম লাভে আমি
 মহান্ ধর্মেরও অপেক্ষা করি নাই অর্থাৎ ইহলোকে ও শাস্ত্রে লজ্জা-
 পাতিব্রত্য ধর্ম পালন করিতে যে শাসন রহিয়াছে, তাহা তুচ্ছ জানে ত্যাগ
 করিয়াছি । তখন বেরূপ প্রগাঢ় প্রেম ছিল, এখন কিন্তু স্পষ্টই তাহার
 বিপরীত—উদাসীগ্রহই দৃষ্ট হইতেছে । সেইজন্য এই বৃন্দাবনে কণ-
 কালও পুনর্বার জীবন ধারণ করিতেও আমার লজ্জা হয় অর্থাৎ আসন্ন
 বৃতিদশার কিছুকণ পূর্বে তাঁহার সকল বিষয়ক জ্ঞান তিরোহিত হইয়াছিল,
 এখন বাহ্যদশায় সেইজন্য আত্মধিকার দৃষ্ট হয় । যেজন শ্রীবৃন্দাবনে একদিন

শ্রীকৃষ্ণের পরম আদরের পাত্রী-রূপে বৃত্ত হইয়াছিলেন, এখন তিনিই সেইখানে কাঙ্গালিনী হইয়া ছর্ভাগ্যের চরম সীমায় উপনীত। সেইজন্য আর শ্রীকৃষ্ণ উপেক্ষিত জীবন-ধারণে কণকালও শ্রীরাধার ইচ্ছা নাই। ৯৮

অমী কুঞ্জাঃ পূর্বং মম ন দধিরে কামপি মূদং

ক্রমালীয়ং চেতঃ সখি ন কতিশো নন্দিতবতী ।

ইদানীং পশ্চাতে যুগপৎপতাপং বিদধতে

প্রভৌ যুক্তাপেক্ষে ভজতি নহি কো বা বিমুখতাম্ ॥৯৯

অমী ইতি । সখি (ইতি সম্বোধনং) অমী কুঞ্জাঃ পূর্বং (শ্রীকৃষ্ণস্থিতি-
কালে) কাং মূদং (হর্ষং) নাপি (নৈব) দধিরে (অপিতু সর্বামেব মূদং
জনয়ামাসুঃ) । ইয়ং ক্রমালী (মৎসম্মুখস্থা তরুরাজিঃ) কতিশঃ
(কতিবারান্ ন নন্দিতবতী (অপিতু বহুবরং অনন্দয়ৎ)) । ইদানীং
(শ্রীকৃষ্ণবিরহাবসরে) পশ্চ এতে (কুঞ্জাদয়ঃ) যুগপৎ (সমকালং)
উপতাপং (বিরহসস্তাপং শ্রীকৃষ্ণস্মৃত্যঙ্গীপকত্বাৎ) বিদধতে (জনয়ন্তি) ।
প্রভৌ (নাথে শ্রীকৃষ্ণে) যুক্তাপেক্ষে (উদাসীনে) সতি কো বা ন
বিমুখতাং (প্রাতিকূল্যং) ভজতি ? অপি তু সর্ব এব প্রতিকুলো
ভবতীতি ভাবঃ) ।

উক্তক ভক্তপ্রবরণোৎকলাধিপতিনা প্রতাপকত্রেণ ত্রিচৈতন্যচন্দ্রোদয়-
নাটকে,—

‘সোহয়ং নীলগিরীশ্বরঃ সবিভবো বাজা চ সা গুণিচা

তে তে দিখিদিগাগতাঃ স্বকৃতিনস্তাতা দিদৃকার্তয়ঃ ।

আয়ামাশ্চ ত এব নন্দন-বনশ্রীণাং তিরকারিণঃ

সর্বাণ্যেব মহাপ্রভুঃ বত্ব বিনা শূন্যানি মজামহে ।’

তথাহি শ্রীললিতমাধবে সপ্তমাঙ্কে—

‘লতাশ্রেণী সেরং সহচরি ! চিরং সেবিতচরী
পুরুষেহমী ভূয়ো ধৃতপরিচয়াঃ কুঞ্জনিচয়াঃ ।
অমৃতা ষামৃগো মুহুরটিতপূর্কাস্তটভুবো
ব্যথামেব ক্রুরাং বিদধতি বিনা গোকুলপতিম্’ ।

মূল-শ্লোকে ‘প্রভো’ ইতি সম্বোধনং বিরহজন্মদৈন্তোদয়াদিতি জ্ঞেয়ম্ ।
কথং শ্রীব্রজসুন্দরীণাম্ বিত্তমমাধুৰ্য্যাবগাহী প্রেমা শ্রীকৃষ্ণ পারমৈশ্বর্য্যং
জ্ঞাতমপি নাশ্বিষ্যতে । উক্তঞ্চ সিদ্ধান্তরত্নে শ্রীবলদেব-বিদ্যাভূষণপাদৈঃ
‘মাধুৰ্য্যানিষ্ঠানামৈশ্বর্য্যজ্ঞানং ত্রিবেণ্যাঃ সরস্বতীপ্রবাহবদেগৌণতয়াস্তি ।
বিরহে বিস্ময়ে বিপদে চ তন্তোদয়পৰ্ব্বণি সারস্বতশ্চেব প্রবাহস্য’ ইত্যাদি ।
সঃ কৃষ্ণদ্বিজগতাং প্রভুরীশ্বরোহত্যেব তশ্চেবাধীনং জগৎ, তন্নিরুদাসীনে
সতি কথং মামাত্রিভূত ইতি ধ্বনিঃ । ৯৯

অনুবাদ । হে সখি এই বৃন্দাবনের কুঞ্জ সমূহ কৃষ্ণের ব্রজবাসকালে
আমার নিকট কতই না আনন্দপ্রদ বলিয়া বোধ হইত ? এই তরুরাজি
কতবারই না আমাকে আশ্রয় প্রদান করিয়াছে ? কিন্তু এখন দেখ,
সেই কুঞ্জ ও বৃক্ষ সমূহই সমকালে শ্রীকৃষ্ণের স্মৃতি ক্রমে উদ্দীপিত করিয়া
বিরহ সস্তাপ দান করিতেছে । প্রভু শ্রীকৃষ্ণ উদাসীন হইলে সেই ঈশ্বরের
অধীন জগৎ কেনই বা আমার সম্বন্ধে প্রতিকূল ভাব না ধারণ করিবে ?
অর্থাৎ তিনি নিরপেক্ষ হইলে সকল বস্তুই বিপরীত আচরণ করিবে । ৯৯

পরীয়ান্ যে প্রেমা স্বয়ং পরমিতি স্নেহলঘুতা

ন জীবিত্যামীতি প্রণয়পরিমাখ্যাগনবিধিঃ ।

কথং নাশ্বাসীতি স্বরণ-পরিপাটীপ্রকটনং

ইয়ো সন্দেহায় প্রিয়সখি । ন মে স্বাগবসরঃ ॥ ১০০

গরীয়ানিতি । মে (মম) অসি (কৃষ্ণে) গরীয়ান্ (মহান্) প্রেমা
ইতি (চেৎ সন্ধিশামি হংস্বারেতি শেষঃ) মেহ-লঘুতা (প্রেয়ঃ
হীনতা) পরং (কেবলং) (ভবতীতি ক্রিয়াপদং পাদজয়েৎধ্যাহার্যং) ।
ন জীবীষ্যামি (অস্মা বিনা) ইতি প্রথমগরিমাখ্যাপনবিধিঃ (প্রেয়ঃ গুরুত্বস্ত
প্রকটনপ্রকারঃ) । কথং ন আস্মি ইতি স্বরণপরিপাটী-প্রকটনং
(শ্রীকৃষ্ণস্ত স্মৃতিজ্ঞাপকঃ ব্যাপারবিশেষঃ) । প্রিয়সখি (ইতি সম্বোধনং)
হরৌ (কৃষ্ণে) সন্দেশায় (সংবাদপ্রেরণায়) মে (মম) ন বাগবসরঃ
(বাক্যাবকাশোহস্তীতি ভাবঃ, অনির্কচনীয়ত্বাৎ) ।

অত্র প্রেমা মুখেণ প্রকাশিতশ্চেৎ লঘুতামেতীতি ভক্ত্যা প্রতিপাদিতং
যতঃ স হি স্বাস্থ্যভবগম্যঃ মুকাস্বাদবৎ, ন তু বাচ্য ইতি ধ্বনিঃ । ১০০

অনুবাদ । “তোমাতে আমার মহান্ প্রেম”, যদি এই বলিয়া কৃষ্ণকে
সংবাদ প্রেরণ করি, তবে গভীর প্রেমের লঘুতাই প্রকাশিত হইবে । যদি
বলি “তোমার সঙ্গ বিনা আমি জীবন ধারণে অসমর্থ” তা’হলে বাহ্যিকভাবে
প্রেমের গুরুতাই প্রকাশিত হইবে । আর যদি বলিয়া পাঠাই, ‘কেন তুমি
এখানে এস না ?’ তাঁহাকে যে আমি স্বরণ করি, তাহাই জ্ঞাপন করা
হইবে । হে সখি,, কৃষ্ণকে সংবাদ প্রেরণ করিতে আমার বাক্যের অবসর
নাই অর্থাৎ উহা বাক্যের দ্বারা প্রকাশের যোগ্য নহে ।

যথা প্রেমসম্পূর্টে,—

‘প্রেমেয়দেবমিদমেব ন চেদমেতৎ

যো বেদ বেদবিদসাবপি নৈব বেদ ।’ ৪১

অর্থাৎ প্রেমের—পরিমাণ এই, প্রেম এই—প্রকার, ইহাই প্রেমের—
স্বরূপ অথবা ইহা প্রেমের—স্বরূপ নহে ; এই কথা যিনি বলেন তিনি
বেদশাস্ত্রজ্ঞ হইলেও প্রেমের বিস্তার কিছুই জানেন না ।

‘যো বেদয়েষিবিদিশুং সখি ! বেদনং যং
 বা বেদনা তদখিলং খলু বেদ নৈব ।
 প্রেমা হি কোহপি পর এব’—ইত্যাদি ।

অর্থাৎ যিনি কোন প্রেমতত্ত্ব-জিজ্ঞাসু ব্যক্তিকে প্রেম বুঝাইতে চেষ্টা করেন, তবে তিনি যাহা বুঝাইবেন ও তাঁহার উক্তিতে যাহা অনুভব হইবে তৎসমুদয়ই বিড়ম্বনা মাত্র । কারণ প্রেম এক শ্রেষ্ঠ অনির্বাচনীয় বস্তু ।

‘প্রেমা স্বয়ং রসিকয়োরয়ি দীপ এব
 হৃদয়ে ভাসয়তি নিশ্চল এব ভাতি ।
 দ্বারাদয়ং বদনতন্তু বহিষ্কৃতশ্চেৎ
 নির্বাতি শীঘ্রমথবা লঘুতামুপৈতি ॥’ ৬৮

অর্থাৎ অয়ি সখি, প্রেমরূপ প্রদীপ রসিক নায়ক ও রসিকা নায়িকার হৃদয়রূপ গৃহকে আলোকিত করিয়া নিশ্চলভাবে প্রকাশ পায় কিন্তু যদ্যপি উক্ত প্রেম মুখ-দ্বারদ্বারা বহির্গত হয়, তাহা হইলে উহা নির্বাচিত হয় অথবা লঘুতা প্রাপ্ত হয় অর্থাৎ প্রেম যদি (আমি তোমাকে ভালবাসি, তোমা বিনা বাঁচি না) এইরূপ ভাষা দ্বারা প্রকাশিত হয়, তা’হলে উহা তরলিত হয় ও অনেকটা নির্বাচিত হয় । উহার প্রকাশ যতই না হইবে, ততই উহা অন্তরে গভীরতা ও গাঢ়তা লাভ করে । ১০০

যযৌ কালঃ কল্যাণ্যবকলিতকেশীপরিমলাং
 বিলাসার্থী বস্মিরচলকুহরে সীনবপুষম্ ।
 স মাং ধৃচ্ছা ধূর্তঃ কৃতকপটরোবাং সখি ! হঠা-
 দকার্ষাদাকর্ষন্ন রসি শশিলেখা-শতবৃত্তাম্ ॥ ১০১

ষবাভিতি । . কল্যাণি সখি (ইতি সঙ্ঘোজনং) কালঃ (স ইতি শেষঃ)
 ষর্যৌ (গতঃ) ষস্মিন্ (কালে) বিলাসার্থী (বিহারান্তিলাবী) ধূর্তঃ (শঠঃ
 ময়া নিরাকৃতোহপি) স (বৃক্ষঃ) অবকলিতকেলিপরিমলাং (জাতং
 লীলোখং সৌরভং ষস্তাং তথোক্তাং 'রাধাপরিমলোদগারগরিমক্ষিপ্তমানস'
 ইতি বং) অচলকুহরে (গোবর্দ্ধনগিরিগহ্বরে) লীনবপুষং (গূঢ়তলুং)
 কৃতকপটরোবাং (কৃতঃ ষ্ণ্বাকোপঃ ষয়া তথোক্তাং প্রণয়-কোপবতীং)
 শশিলেখাশতবৃত্তাং (শশিলেখাশব্ধোহত্র ইন্দুলেখাপরপৰ্যায়ঃ তদ্বাদিশতৈঃ
 পরিবেষ্টিতাং) মাং (রাধাং) হঠাং (সহসা) ধূত্বা আকর্ষন্ উরসি
 (বক্ষসি) অকার্ষীং (অকরোং) । তথাহি ললিতমাধবে,—

‘ধনুঃ সোহয়ং মণিরবিরলধ্বাস্তপুঞ্জে নিকুঞ্জে
 শ্বিত্বা শ্বিত্বা ময়ি কুচপটীং কুটবত্যাগদেন ।’

‘অবকলিত’ ইতি শ্রীরাধামাধবয়ো নিকুঞ্জলীলা ধ্বনিতা, রহোকেলি-
 জনিতানু-গন্ধমিশ্রণাং । ‘বিমর্দোখে পরিমল’ ইত্যমরঃ । পারকীরগলীলা চ
 দ্যোতিতা । উক্তস্ত তস্তা উৎকর্ষবিশেষঃ শ্রীসনাতন-গোশ্বামিচরশৈঃ
 বৃহত্তাগবতামৃতটীকায়াং,—যথা ‘বয়স্ক (পট্টমহিবীষু) সেবামাত্রকারিণ্যঃ ।
 তত্রাপি পতিতয়া গৌরবৈঃ, নতু বিকৃতকপটরমপ্রেমবিশেষেণ । তাঃ
 কদাচি মিশি গৃহকোণে নিভৃতমাগত্য লীনস্তাত্ত বিচিত্রসঙ্কেতশব্দভঙ্গীং নিশয়া
 শয়নানুখান্ন স্বপ্নাদিশঙ্কয়া শনৈঃ শনৈঃ দ্বারার্গলমীষয়োচশ্বিত্বা গৃহারিঃসৃত্যা-
 ভিমুখে মিলিতমেতমুপলভ্য গাঢ়ালিঙ্গনচুস্বনাদিনা স্তম্বয়ন্তি স্ব ।.....কদাচিৎ
 প্রদোষে.....কাকুভিনির্জেষ্টেং স্পষ্টং বাচমানাঃ বলাদেনং নিকুঞ্জকুহরে
 সমাকুর্য্য সমতর্পর্যমিত্যেবং বিবিধরীত্যা স্বচ্ছন্দমৌপপত্যেনাভজন্ । বয়স্ক
 বিধিবৎ গৃহীতপাণয়ো লোকধর্মাদিপন্নতয়া গার্হস্থ-ধর্মশৈব উভায়’
 ইত্যাদি । ১০১’

অহুবাদ । হে কল্যাণি ! সখি, সে কাল গত হইয়াছে, যখন আমার-বারা নিরাকৃত হইয়াও বিহারাভিলাষী শঠশিরোমণি কৃষ্ণ গিরিগোবর্ধনের গুহার মধ্যে আমি লুকায়িত হইলেও লীলাবিলাস হেতু আমার অঙ্গ হইতে উখিত গন্ধ জ্ঞাত হইয়াছিলেন । প্রণয়কোপাবিষ্টা আমি ইন্দুলেখা প্রভৃতি সখীগণ দ্বারা পরিবেষ্টিত থাকিলে, আমাকে সহসা ধরিয়া তিনি স্বীয় বক্ষঃস্থলে আকর্ষণ করিয়াছিলেন ।

শ্রীব্রজসুন্দরীগণ শ্রীকৃষ্ণের অঙ্গ গন্ধ দ্বারাই তদীয় অবস্থিতি জানিতে পারেন । শ্রীরাসে উক্ত আছে,—

‘কুন্দশঙ্কঃ কুলপতেরিহ বাতি গন্ধঃ’

শ্রীরাধিকার অঙ্গগন্ধে শ্রীকৃষ্ণও উন্নত হইয়া তাঁহার অহুসন্ধান করেন । শ্রীমুকুন্দাষ্টকে দেখা যায়,—

‘পরিমলমিহ লকো হস্ত ! গান্ধর্বিকায়াঃ

পুলকিততমুর্ক্চৈরুদত্তংকণেন ১০১

কদা প্রেমোন্মীলনদনমদিরাঙ্গী-সমুদয়ং

বলাদাকর্ষন্তং মধুরমুরলী-কাকলিকয়া ।

মুহুর্জাম্যচিরীমুকুতিকুলদ্বী-ব্রতমহং

বিলোকিষ্যে লীলামদমিলনপাদী মুরভিদম্ ॥ ১০২

কদেতি । মধুরমুরলীকাকলিকয়া (মধুরা মনোহারিণী বা মুরল্যাঃ বেণোঃ কাকলিকা মধুরা-কুটস্থম্বরবঃ তয়া ‘কাকলী তু কলে স্থয়ে’ ইত্যমরঃ) প্রেমোন্মীলনদনমদিরাঙ্গী-সমুদয়ং (প্রেয়া উন্মীলনং নিকশনং বঃ স্তদনং কন্দর্প আকাঙ্ক্ষাদগম ইতি তাবঃ তেন মুরিরৌ মুর-খণ্ডনাবিব অক্ষিণী নেত্রে বাসাং তাঃ তাসাং সমুহং) বলাৎ (বলাৎ)

আকর্ষণং (সমীপমানয়ন্তং) মুহূর্ত্ম্যচ্চিন্নীচুলুকিত-কুলদ্বীভ্রতং (মুহুঃ
পুনঃ পুনঃ ভ্রাম্যন্তী নৃত্যন্তী বা চিন্নী ভ্রমতা তয়া চুলুকিতং গণ্ডবীকৃতং
ভ্রংসিতমিত্যর্থঃ সতীনাং ভ্রতং যেন তং) মুরভিদং (শ্রীকৃষ্ণং) লীলামদ-
মিলনপাদী (লীলয়া যো মদঃ হর্ষঃ তেন মিলনং সংগচ্ছনু অপাদো নয়নাঞ্চলো
বস্ত্রাস্তথাভূতা লীলানন্দপরিপ্লুত-দৃগন্ত-তরঙ্গা সতী) অহং কদা বিলোকিষ্যে
(ভ্রক্ষ্যামি) । তথাহি শ্রীবিদগ্ধমাধবে,—

‘সাধ্বীগর্ভভরাশুচুলুকার্ষে তু কুস্তোত্তবঃ’

অপাদাবলোকনে তস্তাঃ প্রেমোদগারিণী দৃষ্টিব্যাধ্যা । পরমরসিককৃষ্ণ
ধ্বনিতং, অভিপ্রেতক পরমরসিক-প্রবরেণ বলদেববিদ্যাভূষণপাদেন ;—
‘ভক্তির্হি অপাদবীক্ষণং জ্ঞানস্ত নিনিমেষবীক্ষণং ।’ মহাবিরহে শ্রীরাধায়াঃ
প্রগাঢ়লালসাময়ী বিজ্ঞাপ্তিরিয়ম্ । ১০২

অনুবাদ । হে সখি, কবে কৃষ্ণ প্রেমমদিরামন্ত-খঞ্জননয়না রমণীগণকে
মধুর ও অক্ষুট বেগুরব দ্বারা বলপূর্বক আকর্ষণ করিবেন ? বাহার
নর্ভনশীল ভ্রমতা দর্শনে সতীজীগণের পাতিভ্রত্য ধর্ম বিলুপ্ত হইয়া থাকে,
সেই কৃষ্ণকে কবে লীলাবিশেষ দ্বারা আনন্দাভিভিক্ত নয়নাঞ্চলে দর্শন
করিব ? শ্রীউদ্ধবদাসকৃত হোরিলীলার পদে দৃষ্ট হয় ।

নিরখত বয়ন নয়ন পিচকারি

প্রেম গুলাল মনহি মন লাগ ।

তুহঁ অজ পরিমল চূয়া চন্দন কাণ্ড

বজ তহিঁ নব অহুরাগ ।

ভাষণার্থ এই যে, কোন লীলাবিশেষে চিত্ত লীন হইলে বাণী স্মৃতিক
তর না। প্রথম লীরব নয়ন-ভঙ্গীদ্বারা দৃষ্টিপাত ভিন্ন আর কিছুই সম্ভব হয় না ।

ইহা রসিক ভাবুকগণের স্বাস্থ্যভগম্যা । অক্ষিপ্ৰান্তভাগেই তখন স্থায়নিহিত
ভাব উদ্গীর্ণ হইতে থাকে । পূর্বরাগ প্রসঙ্গে উক্ত আছে,—

‘আধ আধ আধ দিঠি অঞ্চলে

ষব ধরি পেখলু কান’ ইত্যাদি । ১০২

রণদৃষ্ণশ্রেণী-সুহৃদি শরদারন্তমধুরে

বনান্তে চাস্ত্রীভিঃ কিরণলহরীভিধ্বলিতে ।

কলা প্রেমোদগুস্বরকলহ-বৈতণ্ডিকমহং

করিষ্যে গোবিন্দং নিবিড়ভূজবন্ধপ্রণয়িনম্ ॥ ১০৩

রণদিত্তি । কদা র্ণদৃষ্ণশ্রেণীসুহৃদি (রণস্তীনাং গুণস্তীনাং ভ্রমর-
পংক্তীনাং বাহবে । শরদি বনানি জলজ-পারিজাতপূর্ণানি ভবন্তি অতএব
ভ্রমরাণাং সুখবিধায়কত্বাৎসুহৃচ্ছবনাভিহিতানি, উক্তঞ্চ শরদর্শনে মহাকবি-
কালিদাসেন,—‘মন্তবিরেক-পরিপীতমধুপ্রসেক্ষিত্তং বিদায়তি কস্ত ন
কোবিদার’ ইতি) শরদারন্তমধুরে (শরদঃ আরম্ভেণ প্রবৃত্ত্যা মনোহরে)
চাস্ত্রীভিঃ (চন্দ্রস্বকিনীভিঃ) কিরণলহরীভিঃ (জ্যোৎস্নাপ্রবাহৈঃ)
ধ্বলিতে (শুভ্রীকৃতে) বনান্তে (কাননপ্রান্তে) প্রেমোদগুস্বরকলহবৈতণ্ডিকং
(প্রেমা প্রণয়েন উদগুঃ প্রচগুঃ স্বরঃ কামঃ তেন বঃ কলহঃ তস্মিন্
কপটতর্ককারিণম্) গোবিন্দং অহং নিবিড়ভূজবন্ধপ্রণয়িনং (নিবিড়ঃ
প্রগাঢ়ঃ বঃ ভূজাত্যাং বাহত্যাং বন্ধঃ বন্ধনং পরিবৃত্ত ইত্যর্থঃ, তস্মিন্
প্রণয়িনং অচুরাগিণং) করিষ্যে (কদা স মাং বাহুবন্ধনেন পরিবৃত্তয়িষ্যতি
ইতি ভাবঃ) ।

অত্র নিত্ভূতনিকুণ্ডলবনে উৎসাহপ্রণয়কলিকলিতকলহাশ্রমে স্বাং-
প্রহারোষে চ তস্তা অভিজানো ব্যক্তিতঃ । তথাহি শ্রীককর্ণায়তে,—‘বন্ধ-

যুবতিরতিকলহ-বিজয়িনিজ-লীলা' ইতি 'কান্তাকূচ-গ্রহণবিগ্রহললস্মী'
ইতিবচ । ১০৩

অনুবাদ । শরৎকালের আগম হেতু মধুর ও শুভনকারী ভ্রমর গণের
সুখ বিধান হেতু স্তম্ভস্থানীয় চন্দ্র-কিরণ ধারায় শুভ্র বন-প্রান্তে কবে
প্রণয়গর্ভ প্রচণ্ড কামকলহে বিবাদকারিগণের চূড়ামণি গোবিন্দ
বাহু দ্বারা আমাকে বন্ধন করিতে অর্থাৎ দুই বাহু বেঁটন পূর্বক আলিঙ্গন
করিতে সাতিশয় অনুরাগ প্রকাশপূর্বক উদ্যত হইবেন ? ১০৩

মনো মে হা কষ্টং জলতি কিমহং হস্ত । করবৈ
ন পারং নাবারং স্মৃখি । কলয়াম্যস্ত জলধেঃ ।
ইয়ং বন্দে যুদ্ধা । সপদি তমুপায়ং কথয় মে
পরামৃশ্চে যস্মাচ্ছৃতি-কণিকয়াপি কণিকয়া ॥ ১০৪

মন ইতি । স্মৃখি (ইতি সম্বোধনং) হা কষ্টং (ইতি মহাধেদে)
মে (মম) মনঃ জলতি, (বিরহানলেনেতি শেষঃ) অহং কিং করবৈ
(করোমি) । অস্ত জলধেঃ (মহাসস্তাপাত্মকস্ত বিরহার্ণবশ্চেতি শেষঃ)
পারং ন এবারং (অপরপারং সীমানমিতি ভাবঃ) ন কলয়ামি (পশ্যামি) ।
ইয়ং (অহং বিরহসাগরমগ্নপ্রায়) যুদ্ধা (শিরসা) বন্দে (প্রণয়ামি বাহু)
সপদি (সীম্রং) তং উপায়ং মে (মহ্যম্) কথয়, যস্মাৎ (উপায়াত্)
কণিকয়া শৃতিকণিকয়াপি (ধৈর্য্যলবেনাপি কর্তব্য) পরামৃশ্যে (অহং স্পৃষ্টা
ভবামীত্যর্থঃ) শৃতেলকণং,—

‘শৃতিঃ স্যাৎ স্পৃষ্টাত্মান-দুঃখাতাবোক্তমাশ্রিত্তিঃ ।

অপ্রাপ্তাভীতনষ্টার্থানভিসংশোচনাদিকং’ ইত্যাদি ।

শ্রীমদ্বাল্মীকিযশো প্রবাসবিপ্রলভ-প্রকরণে উবেগদশায়ী উদাহরণ-
মিদম্ । তথাহি শ্রীকবচনায়ুতে,—

‘কিবিহ কুণুমঃ কস্য ক্রমঃ কৃতং কৃতমাশয়া’ ইত্যাদি । ১০৪

অনুবাদ । হে স্নন্দরী, হায় আমার মন সন্তপ্ত হইতেছে, আমি কি করিব ? এই মহাজালা-মালাময় বিরহসাগরের সীমা দেখিতেছি না । বিরহ-হতা আমি তোমার পদে মস্তক নত করিয়া প্রণাম করিতেছি । এই ক্ষণ শীঘ্র সেই উপায় উপদেশ কর, যাহা দ্বারা আমি ক্ষণকালেব অশ্রুও ধৈর্য লাভ করিতে পারি ।

মাধুর বিরহে যে দশ দশা উপজাত হয়, এই উৎসেগ তাহারই অশ্রুতম । ইহাতে চিত্ত স্থির হইতে সমর্থ হয় না । শ্রীমদ্ভিষ্যপতিকৃত এইরূপ ভাবের একটা পদ দেখা যায় ।

‘সজনি কো কহ আওব মাধাই ।

বিরহ পয়োধি

পার কিষে পায়ব

যবু মনে নাহি পতিয়াই ।’ ১০৪

প্রয়াতো মাং হিছা যদি কঠিন-চূড়ামণিরসৌ

প্রযাতু স্বচ্ছন্দং মম সময়ধর্মঃ কিল গতিঃ ।

ইদং সোচুং কা বা প্রভবতি যতঃ স্বপ্নকপটা-

দিহায়াতো বুদ্ধাযনজুবি বলান্মাং ক্রময়তি । ১০৫

প্রয়াত ইতি । যদি কঠিনচূড়ামণিঃ (নিঃসুরতমঃ) অসৌ মাং হিছা (ত্যক্ত,) প্রয়াতঃ (গতঃ) স্বচ্ছন্দং (অবাধং যথা স্যান্তথা) প্রয়াতু (গচ্ছতু) মম সময়ধর্মঃ (আরাগ্যামীত্যস্য প্রতিজ্ঞারূপো ধর্মঃ, ‘সবয়াঃ শপথাচার-কাল-সিদ্ধান্ত-সবিদ’ ইতি নানার্থবর্গঃ । (লোচনরোচনী টিকা) অর্থবা সময়ধর্মঃ যুত্যাঃ, ‘স্যাৎ পঞ্চতা কালধর্ম’ ইত্যমরঃ (আনন্দচন্দ্রিকা) কিল গতিঃ (উপায় এব) । যতঃ (যস্যাৎ) স্বপ্নকপটাং (স্বপ্নবিধাৎ) ইহ

বৃন্দাবনভূবি আয়াতঃ (আগতঃ সন্) বলাৎ মাং রময়তি । কা বা ইদং
(বলাৎরমণঃ) (সোচুং প্রভবতি (সমর্থা ভবতি)) ।

‘বলাদ্বিত্তি ।’ মানিনীমপি মামগ্রসার্দৈব বলাৎকারণৈব মাং ত্যক্ত্বা
নাগরীং রময়িতুং মথুরাং গতঃ ইতি মম মানো ভবিতুমর্হত্যেবেতি
মম কো দোষঃ, ন চ মানিনীজনঃ পুরুষ-বলাৎকারং কাপি সোচুং প্রভব-
তীতি ভাবঃ ।’ (আনন্দচন্দ্রিকা) শ্রীমদুজ্জলনীলমণৌ গোপসন্তোগ-প্রকরণে
শ্লোকে সম্পন্নসন্তোগসন্তোদাহরণমিদম্ । ১০৫

অনুবাদ । সখি, এই নিষ্ঠুর-শিরোমণি কৃষ্ণ যদি আমাকে পরিত্যাগ
করিয়া অশ্রু নাগরীর সহিত বিহার করিতে মথুরায় গমন করিয়াছেন, স্বচ্ছন্দে
তিনি তাহা করুন, মৃত্যুই আমার পক্ষে নিষ্কৃতি লাভের একমাত্র উপায় ।
তাঁহার মথুরা গমনে আমার মান হওয়া স্তম্ভ-সঙ্গত, আমার কি দোষ ?
কিন্তু এইরূপ বলপূর্বক স্বপ্নচ্ছলে বৃন্দাবনে আসিয়া রমণ কোন্ নারী
কোথায় সহ করিতে পারে ? তাৎপর্য—যদিও ইহা সূদূর প্রবাসের পর
সম্বন্ধিমান সন্তোগ হওয়াই যুক্তিযুক্ত কিন্তু তথাপি শ্রীরাধা-মাধবের
পারতন্ত্র্যের অভাব হেতু সম্বন্ধিমান সন্তোগের লক্ষণ অসিদ্ধ হয় । সেইজন্য
ইহা সম্পন্ন সন্তোগ বলিয়াই বুঝিতে হইবে । শ্রীকৃষ্ণের মনোগত ভাব এই,—
‘আমি মথুরা প্রস্থান করিয়াছি বলিয়া শ্রীরাধার নিকট অপরাধী অতএব
আগ্রহিত অবস্থায় আমার অপরাধের বিষয় ইনি জ্ঞাত আছেন কিন্তু
স্বপ্নাবস্থায় ইনি মাথুর বিবাহ বিস্মৃত হন, সেইজন্য আমার ব্রহ্মবাস কালে
তিনি বৈরাগ্য অবস্থায় ছিলেন, সেইরূপ মনের অবস্থাতেই আমি তাঁহার
সহিত বিহার করিব ।’ এইরূপ মনে বিবেচনা পূর্বক শ্রীকৃষ্ণ স্বপ্নে
আসিয়াছেন । শ্রীরাধা বিশ্বনাথ চক্রবর্ত্তি মহোদয় তাঁহার টীকায় এইরূপ বর্ণনা
ব্যক্ত করিয়াছেন । ১০৫

অনৌচিত্যং তস্ত ব্যথয়তি মনো হস্ত মথুরাং
 কামাসাদ্য শ্বেরং চপলহৃদয়ং বারয় হরিম্ ।
 সখি ! স্বপ্নারম্ভে পুনরপি যথা বিভ্রমমদা-
 দিহায়াতো ধূর্তঃ ক্রপয়তি ন মে কিঙ্কিণী-গুণম্ । ১০৬

অনৌচিত্যমিতি । হস্ত (খেদে) তস্য অনৌচিত্যং (অযোগ্যা-
 চরণং) মনঃ ব্যথয়তি (পীড়য়তি) । সখি (ইতি সম্বোধনং) হস্ত মথুরাং
 আসাদ্য (গত্বা) শ্বেরং (স্বচ্ছন্দং)^১ চপলহৃদয়ং (চঞ্চলমতিং এতেন
 শ্রীকৃষ্ণস্ত বহুবলভয়ং নবপ্রিয়তমঞ্চ ধ্বনিতং) হরিং বারয় (নিষেধয়
 তাদৃশাচরণাদিতি শেষঃ) যথা ধূর্তঃ (শঠঃ) স্বপ্নারম্ভে বিভ্রমমদাং (বিহার-
 মত্ততাহেতোঃ) ইহ (বৃন্দাবনে) আয়াতঃ (সন্) মে (মম) কিঙ্কিণীগুণং
 (কুত্ৰযটিকাগুণং নীবিবন্ধমিতি ভাবঃ) ন ক্রপয়তি (ন মোচয়তি)
 অগ্নিন্ শ্লোকে প্রৌঢ়প্রেমোন্মাদবিরহদশায়াং স্বাপ্নসম্ভোগঃ ধ্বনিতঃ ।

তথাহি শ্রীবিষ্ণুমাধবে,—

পৰ্ণৈঃ কর্ণোৎপলবলয়িত্তাত্যমানোহপি ধূর্তো
 ন শ্রামাত্মা মম তহুপরিষদরহং জহাতি' । ১০৬

অনুবাদ । হে সখি, হার কৃষ্ণের ঈদৃশ অযোগ্য আচরণ আমার মনে
 বিশেষ বেদনা প্রদান করিতেছে অর্থাৎ সেই লম্পট-চুড়ামণি যদি মথুরায়
 বিহার করে করুক কিন্তু সেই স্থান হইতে আমার নিকট আগমন করে
 কেন ? সেইজন্য তুমি মথুরায় গমন করিয়া বেছাচারী চঞ্চলহৃদয়
 হরিকে এক্ষণ কার্য করিতে নিষেধ কর, যেন স্বপ্নে পুনর্বার সেই শঠ
 কামজনিত মত্ততাবশে এই বৃন্দাবনে আগমনপূর্বক আমার নীবিবন্ধ
 উন্মোচন না করে । ১০৬

অস্মি স্বপ্নো দূরে বিরমতু সমক্ষং শৃণু হঠা-
দবিপ্রকা মাতুরিহ সখি । মনোবিভ্রমধিরা ।
বয়স্তুস্তে গোবর্ধন-বিপিনমাসাদ্য কুতুকা-
দকাণ্ডে যদুয়ঃ স্বরকলহ-পাণ্ডিত্যমতনোং ॥ ১০৭

‘প্রোষিতভর্ষকা শ্রীরাধা ললিতাং প্রতি স্বাপ্নসন্তোগ-বৃত্তান্তমুক্তা
প্রাহুর্ভাবোখং তদাহ অস্মিতি ।’ অস্মি সখি (হে সখি) স্বপ্নঃ দূরে বিরমতু
(তিষ্ঠতু) সমক্ষং (জাগরণদশায়ামেবেত্যর্থঃ) শৃণু,—‘নহু ত্বমত্র বৃন্দাবনে
শ্রীকৃষ্ণঃ মথুরায়ামতঃ কথং যুবয়োরদ্যতনঃ সঙ্গো মনোবিভ্রমং বিনা
সন্তবেদিত্তি বদিস্যন্তীঃ তাং বিশ্বাসঘস্ত্যাহ হঠাদিত্যাদি ।’ মনোবিভ্রমধিরা
(মনসঃ ভ্রান্তিরিয়মিতি বুদ্ধ্যা) হঠাৎ ইহ (মতুস্তৌ) অবিপ্রকা (অশ্বিনাসিনী)
মা ভূঃ (ন ভব) । স্বং (স্বপ্নাৎ) তে (তব) বয়স্যঃ (সখা কৃষ্ণঃ)
গোবর্ধনবিপিনং আসাদ্য (প্রাপ্য) অকাণ্ডে (অনবসরে) কুতুকাৎ
(লৌল্যাত্) ভুয়ঃ (পুনঃ পুনঃ) স্বরকলহপাণ্ডিত্যং (কামকলিনৈগুণ্যং)
অতনোং (বিস্তারয়ামাস) ।

শ্রীমহাভাগবতমূল্যমণী মুখ্যসন্তোগ-প্রকরণে প্রাহুর্ভাবস্যোদারগমিতং ।
শ্রীজীবগোপামিচরনৈককৃতং—‘অস্মং হংসদূতোক্তপ্রাহুর্ভাবো ক্লান্ত্যভাবা-
জাতঃ ।’ উক্তশ্চ শ্রীমহাভাগবতে ক্লান্ত্যভাবঃ,—

‘মোহাদ্যভাবেহংগ্যাঙ্গাদিসর্ক-বিশ্বরণং সঙ্গা’ ।

তথাচ আনন্দচন্দ্রিকা টীকা, ‘সন্তোগস্যাস্য হৃদ্রপ্রবাসিত্তবৎস্বপি
কৃষ্ণ-পারভদ্র্যাদর্শনারায়ং সমুচ্চিমান্ কিন্তু সম্পন্ন এবেতি গ্রহকৃত্য-
মাশরঃ’ । ১০৭

অনুবাদ । অস্মি সখি, স্বপ্নের কথা দূরে থাক, জাগরণ-দশার কথা শোন,
আমার মনের ভ্রম বলিয়া সহসা আমার উক্তিতে অশ্বিনাস করিওনা

অর্থাৎ তুমি মনে করিতে পার, আমি বৃন্দাবনে, কৃষ্ণ মথুরায় অতএব কি প্রকারে আমাদের অদ্য সঙ্গলাভ ঘটিতে পারে ? ইহা কেবল আমার মনেরই ভ্রম ! কিন্তু তাহা নহে ; যে হেতু তোমার সখা কৃষ্ণ গোবর্দ্ধন পর্ব্বতের বন-প্রদেশে আগমন করিয়া অসময়ে কৌতুক-পরবশ হইয়া বারম্বার কামকলহে নৈপুণ্য বিস্তার করিতেছেন । তাৎপর্য্য এই যে— ইহা প্রোতুর্ভাবোখ সন্তোগবিশেষ । প্রিয়তম স্বদূর প্রবাস হইতে আবিভূত হইলে যে মিলনানন্দ উপজাত হয়, তাহাই পূর্ব্বোক্ত সংজ্ঞা লাভ করে । যদিও এই সন্তোগী স্বদূর প্রবাসের অন্তর্গত বলিয়া সম্বন্ধিমান হওয়াই যুক্তিস্কৃত তথাপি এখানে শ্রীরাধা-মাধবের পারতন্ত্র্যের অভাব নিবন্ধন সম্বন্ধিমান সন্তোগের লক্ষণটি সিদ্ধ না হওয়ায় পারিশেষ্য প্রামাণ্যে ইহা সম্পন্ন-সন্তোগই হইতেছে ;—ইহাই শ্রীকৃষ্ণগোপামিপাদের অভিপ্রায় । অতএব দস্তবক্রবধের পর শ্রীকৃষ্ণের যখন ব্রজাগমন হইয়াছিল, তখন তাঁহার সহিত শ্রীরাধা প্রভৃতির মিলনও সম্পন্ন সন্তোগই হইবে কিন্তু সম্বন্ধিমান নহে ;—কাহারও আবার এইরূপ অভিমত । এখানে প্রকরণাচুরোধে সন্তোগী যে সম্বন্ধিমান তাহা, আশঙ্কা করা যাইতে পারে না । মাতৃষের স্বপ্নমূর্ছা-বিবশাদি অবস্থার অতীত ও বর্তমান অবস্থায় ক্ষুরণ হয় । তাহার মধ্যেও প্রায়শঃই অতীত অবস্থার জ্ঞান হইয়া থাকে কিন্তু কদাচিৎ বর্তমানের হয় । মোহাদি অভাবেও আপনাকে পর্য্যস্ত বিশ্বরণ রূঢ় ভাবেই অহুতাবিশেষ । শ্রীবৃন্দাবনেখরীর মাধুরবিরহজনিত মহর্বেবভনিবন্ধন সহসা সর্ব্ববিশ্বতির সময়েই শ্রীকৃষ্ণ প্রোতুর্ভূত হইয়াছিলেন ও শ্রীরাধিকার এইরূপ মনে হইয়াছিল যে, এই আমার কান্ত নিজসখাগণের নিকট গাভীসমূহ অর্পণ করিয়া কোনকালে একাকী আমার প্রেমাধীন হইয়া বিহার করিতে গোবর্দ্ধনগিরি-বনে আগমন করিয়াছেন । এইরূপে বিরহে অজ্ঞান আগমনের পূর্ব্ববর্তী ঘোষ্ঠগমনাদি লীলার তাদাত্ম্য বা একা ক্ষুরণ

হওয়ার এই সন্তোগী অদূর-প্রবাসান্তর্গত বলিয়াই বুঝিতে হইবে । এইরূপ মর্মেই আনন্দচন্দ্রিকাটীকায় অভিব্যক্ত হইয়াছে ।

শ্রীচৈতন্যচরিতামৃতের মধ্যলীলায় উক্ত আছে—

‘রাখিতে তোমার জীবন সেবি আমি নারায়ণ
তার শক্ত্যে আসি নিতি নিতি ।
তোমা সনে ক্রীড়া করি নিতি বাই মধুপুরী
তাহা তুমি মান আমা ক্ষুর্তি ।
মোর ভাগ্যে মো বিষয়ে তোমার যে প্রেম হয়
সেই প্রেম পরম প্রবল ।
লুকাইয়া আমা আনে সঙ্গ করায় তোমা সনে
প্রকটেই আনিবে সখর । ১০৭

অমর্ষাঙ্কাবস্তীং গহনকুহরে সূচিতপথাং
তুলাকোটিকাঠৈশ্চকিতপদপাতবিগুণিতৈঃ ।
দিধীর্ষন্যাং হর্ষোত্তরলনয়নাস্তঃ স কুতুকী
ন বংশীমস্তাসীদুবি কর-সরোজাধিগলিতাম্ ॥ ১০৮

অমর্ষানিতি । হর্ষোত্তরলনয়নাস্তঃ (হর্ষণং যৎপ্রাপ্ত্যাশানন্দেন উত্তরলং
অতিচঞ্চলং নয়নরোরস্তং প্রান্তভাগঃ যন্ত তথাভূতঃ মদ-ত্তরলিতাপাক ইতি
ভাবঃ) কুতুকী (বিনোদবান, ‘কৌতুহলং বিনোদঃ স্তাৎ কুতুকক কুতুহল’-
মিতি হলায়ুধঃ) সঃ (হরিঃ) গহনকুহরে (গভীরবনাত্যন্তরে) অমর্ষাং
(প্রেমের্যাঅনিতাসহিবুভায়াঃ) ঙ্খ ধাবস্তীং (গহস্তীং) চকিতপদপাত-
বিগুণিতৈঃ (চকিতেন ক্রমসংকারেণৈকি ভাবঃ পদপাতেঃ পাদবিক্রমৈঃ
বিগুণিতৈঃ অত্যন্তবিক্রিতৈঃ) তুলাকোটিকাঠৈঃ (নুপুরনির্নামৈঃ, ‘পাদাবধং

তুলাকোটীমঞ্জীরো নূপুরোহজিয়াং'ইত্যমরঃ) সূচিতপথাং (জাগিতমার্গাং)
মাং (রাধাং) দিবীর্ষন্ (ধর্ষু মিচ্ছন্) করসরোজাং (করকমলাং) ভুবি
বীগলিতাং (পতিতাং) বংশীং ন অজাসীং (ন জাতঃ)

যো কৃষ্ণঃ মন্থানপ্রসাদায় হর্ষসম্পাদনায় চ মামম্বগচ্ছং সোহধুনা
বীতরাগঃ সন্ মথুরায়াং তিষ্ঠতি অহো মহৎ কষ্টমিতি ধ্বনিঃ । ১০৮

অনুবাদ । অমর্ষহেতু আমি দ্রুত গমনপূর্বক গভীর বনমধ্যে প্রবেশ
করিতে থাকিলে যখন আমার নূপুর-শব্দ বিবর্তিত হইয়াছিল ও তদ্বারাই
আমি কোন্ পথে গমন করিয়াছিলাম তাহা সূচিত হইয়াছিল, তখন
আমাকে ধরিতে ইচ্ছা করিয়া কৃষ্ণ আমার পশ্চাৎ গমন করার তাহার হস্ত
হইতে বেগু ভূমিতে পতিত হইয়াছিল, তিনি তাহা জানিতে পারেন নাই ।
সেই লীলাবিনোদীর হর্ষভরে নয়নাঞ্চল চঞ্চল হইয়াছিল ।

হার এখনও সেই স্মৃতি চিন্তে অঙ্কিত আছে । সেই একদিন সখি !
আর আজিকার মহাতুর্দিন । ১০৮

অশক্তাং পশুব্যে কলিতনবচেলাঞ্চলতয়া
লতালীতিঃ পুষ্পান্বিতশবলিতাতিবি'রুদতীম্ ।
পরীহাসারম্ভী প্রিয়সখি ! সমালম্বিতযুখীং
প্রপেদে চুখায় ক্ষুরমধর-বিষম্ভব সখা । ১০৯

অশক্তামিতি । (হে) প্রিয়সখি পরীহাসারম্ভী (পরিহাসোদ্যোগী)
চুখায় (চুখনায়) ক্ষুরমধরবিষঃ (ক্ষুরং বিকশং অধরবিষং যন্ত সঃ) তব
সখা (কৃষ্ণঃ) পুষ্পান্বিতশবলিতাতিঃ (পুষ্পান্বেষ স্মিতানি তৈঃ শবলিতাতিঃ
বিচিহ্নাতিরিত্যর্থঃ) লতালীতিঃ (লতাপ্রেক্ষীতিঃ, যেষাং লতারূপ-
সখীতিঃ) কলিতনবচেলাঞ্চলতয়া (কলিতং আকান্তং নবং নূতনং চেলাঞ্চলং

বসনপ্রান্তভাগঃ ষষ্ঠান্তভাগ তয়া) গন্তব্যে (পথীত্যর্থঃ) অশস্তাং
(অসমর্থাং চলিতুর্মিত্যর্থঃ) . বিরূপতীং সমালম্বিতমুখীং (সমাকৃষ্টং মুখং
ষষ্ঠান্তখাত্তাং মাং) প্রপেদে (প্রাপ) । ১০১

অনুবাদ । হে প্রিয়সখি, আমার নূতন বসনের প্রান্তভাগ পুষ্পাবকাশ-
চ্ছলে ঈষৎ হাস্যময়ী বিচিত্রা লতাশ্রেণীর দ্বারা আক্রান্ত, হওয়ার আমি
গন্তব্যস্থানে গমন করিতে অসমর্থা হইয়া ক্রন্দন করিয়াছিলাম । এইরূপ
অবস্থায় আমার মুখ চুষনের জন্য বিশ্বকল সদৃশ বাহার অকণাধর বিকশিত
সেই পরিহাস-বিশারদ তোমার সখা কৃষ্ণ আমাকে প্রাপ্ত হইয়াছিলেন ।

এখানে 'তোমার সখা' বলায় যেন তাঁহার সহিত শ্রীকৃষ্ণের কোন
সম্বন্ধই নাই—এইরূপ ভাব ব্যঞ্জিত হইয়াছে, প্রণয়াভিমানই তাহার কারণ
বুঝিতে হইবে । ১০১

ততোহহং ধম্বিল্যে শ্বগিতমুরলীকা সখি । শনৈঃ
রলীকামর্ষণে ভ্রমদবিরলক্রমচলম্ ।
কচাকৃষ্টি-ক্রীড়াক্রম-পরিচিতে চৌর্ধ্য-চরিতে
হরিলকোপাধিঃ প্রসত্তমনয়ন্যাং গিরি-দরীম্ ॥ ১১০

তত ইতি । (হে) সখি ততঃ (অনন্তরং) অহং (রাধা) ধম্বিল্যে
(বন্ধকেশে, 'অথ ধম্বিল্লঃ সংঘতাঃ কচাঃ'ইত্যমরঃ) শ্বগিতমুরলীকা
(গোপিতা বংশী যয়া তাদৃশী সতী) রলীকামর্ষণে (কপটেষ্যয়া) ভ্রম-
দবিরলক্রমঃ (ভ্রমন্তী ঘূর্ণমানা অবিরলা যনা ক্রমতাঃ তথাচ সতী) উদচলম্
(প্রস্থিত্যস্মি) কচাকৃষ্টি-ক্রীড়া-ক্রমপরিচিতে (কেশানাং আকৃষ্টিঃ আকর্ষণং
সেব ক্রীড়া তস্তাক্রমঃ পরিপাতি তেন পরিচিতে পরিজ্ঞাতে) চৌর্ধ্যচরিতে
(চৌর্ধ্যলীলায়াং) লকোপাধিঃ (ব্যাতনামা) হরিঃ (হরণ-কর্তব্যঃ)

প্রসভং (বলাৎ) মাং গিরিদরীং (গোবর্ধনপর্বত-গুহাং) অনয়ং
(নিনায়) ।

‘চৌর্যচরিতে লকোপাধি’রিত্তি । আজয়নঃ শ্রীকৃষ্ণস্য চৌর্যচরিতং
প্রসিদ্ধমেব । স হি বাল্যে পুতনায়াঃ প্রাণচৌরঃ, পৌগণ্ডে গোপীগেহে
নবনীতচৌরঃ, কৈশোরে আভীরী-চীরচৌরঃ তদ্যাজেন তামাং লজ্জামপ্য-
পহরং । পরোঢ়ানাং গোপীনাং পাতিব্রত্য-ধর্মচৌরশ্চ । তদাহ শ্রীলীলাশুকঃ,

‘সোহয়ং যুনীন্দ্র জন-মানস-তাপহারী,
সোহয়ং মদব্রজবধু-বসনাপহারী ।
সোহয়ং তৃতীয়-ভুবনেশ্বর-দর্পহারী, *
সোহয়ং মদীয়হৃদয়ানুকূলাপহারী ।’ ৮২

প্রসিদ্ধং হি লোকে যোহি চৌরচক্রবর্তী সঃ পরমাঢ়্যজনস্য গৃহং
ভিদ্ধা শ্রেষ্ঠমণি-রত্নাশ্রুপদ্ধত্য তদ্বশ্নেণৈব আবৃণোতি, তদ্বং পরমপ্রোমাঢ়্যায়াঃ
শ্রীরাধায়াঃ মাদনাধ্যমহাভাবাঐতচিন্তামণিং হৃদ্যা তদদকর্টন্ত্যব পিদধে ।
এতদভিপ্রায়েণৈবোক্তং শ্রীকৃষ্ণগোস্বামিচরণৈঃ শুবমালায়াম্,—

‘অপারং কস্যাপি প্রণয়িজনবৃন্দস্য কুতুকী
ব্রসন্তোমং হৃদ্যা মধুরমুপভোক্তং কমপি ষঃ ।
কচং স্বামাবরে ছ্যতিমিহ তদীয়াং প্রেকটয়ন্
স দেবশ্চৈতচ্ছাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ।’ ইতি

অতএবাত্ মুক্তপ্রগ্রহণায়ৈন শ্রীকৃষ্ণস্য মহাচৌর্যং শ্রীরাধাভাবকান্তিহরণ
এব পর্য্যবসিতম্ । অলমভিবিস্তরেণ । ১১*

অহুবাৎ । হে সখি, তাহার পর আমি আমার বন্ধকেশপাশের মধ্যে
বেগুনি গোপন করিয়াছিলাম । মিথ্যা কথা জরুর আমার বনজলতা ঘূর্ণিত
হইয়াছিল । এইরূপ হ্রাবে আমি বন্ধন পমন করিতেছিলাম, এখন কেশপাশ

রূপ লীলা-পরিপাটী দ্বারা সেই চৌরচূড়ামণি বলিয়া যিনি বিশ্ববিশ্রুত, তিনি পরিজ্ঞাত হইলেন অর্থাৎ তিনি আমার কেশ-আকর্ষণ করিতে থাকিলে আমি বুঝিলাম যে তিনি নাগরেন্দ্রই হইবেন। এইরূপে তিনি বল-পূর্বক আমাকে গোবর্দ্ধন গিরি-গুহা মধ্যে আনয়ন করিয়াছিলেন। তাঁহার চৌর্যচরিতের কথা কত বলিব। বাস্তবিক হইতেই তাঁহার অপহরণ ও আকর্ষণ বিশেষ প্রসিদ্ধই আছে। বাস্তবিকই তিনি পুতনার স্তন পান করিতে করিতে তাহার প্রাণ পর্যন্ত আকর্ষণ করিয়াছিলেন। বাস্তবিক ও পৌগণ্ডে গোপীগণের গৃহে গৃহে নবনীত চুরি করিলেন। কৈশোরে কাত্যায়নী-ব্রতপরা কুমারীগণের বস্ত্রাপহরণচ্ছলে লজ্জা হরণ করিলেন। তাহার পরও আবার মর্যাদাপ্রাপ্ত ব্রজকুললনাগণের পাঙ্কিবৃত্তা ধর্ম হরণ করিলেন, এখন তিনি আমাদের বিরহ সস্তাপ হরণ করিলেই তদীয় নামের ষাধার্থ্য ও গৌরব রক্ষা পায়। ইহাই শ্রীরাধিকার মনোগত অভিপ্রায়। ১১০

কদাচিৎ বাসন্তী-কুহরভূবি ধূটঃ সরসসং
 হসন্ পৃষ্ঠালম্বী হৃগয়তি করাত্যাং মম দৃশৌ ।
 দিধীর্ষৌ জাতৈর্ঘ্যং যয়ি সখি । তদীয়াকুলিশিখাং
 ন জানে কুত্রায়ং ব্রজতি কিতবানাং কুলগুরুঃ । ১১১

কদাচিদিতি । (হে) সখি কদাচিৎ কিতবানাং কুলগুরুঃ (শঠকুলাচার্য্যঃ) ধূটঃ (লম্পটঃ) হরিঃ সরসসং (সানন্দং) হসন্ বাসন্তীকুহরভূবি (মাধবী-লতাকুণ্ডাভ্যন্তরদেশে) পৃষ্ঠালম্বী (পশ্চাদ্বেশমাগতঃ সন্) করাত্যাং মম দৃশৌ (নেত্রে) হৃগয়তি (আবুগোতি) । জাতৈর্ঘ্যং (সেব্যমিত্যর্থঃ) যয়ি তদীয়াকুলিশিখাং (তস্মাকুল্যগ্রভাগং) দিধীর্ষৌ (ধর্ষ নিচ্ছৌ) সস্তাপঃ কুল অর্থে ব্রজতি (গচ্ছতি) ন জানে । ১১১

অনুবাদ । হে সখি, কোনও সময় শঠশিরোমণি লম্পট এই হার সানন্দে হস্ত করিতে করিতে মাধবীলতাকুঞ্জের মধ্যে পশ্চাদিক হইতে আগমন করিয়া দুই হস্ত দ্বারা আমার নেত্র দুটি আবৃত করেন । ঈর্ষার সহিত আমি তাঁহার অঙ্গুলির অগ্রভাব ধরিতে ইচ্ছা করিলে তিনি কোথায় গমন করেন তাহা আমি জানি না ।

এখানেও শ্রীকৃষ্ণের ব্রজবাসকালে কোন অতীত নীলাবিশেষ শ্রীরাধিকার প্রেমোন্মাদাবস্থায় ক্ষরিত হওয়ায় উহা বর্তমান বলিয়াই বোধ হইতেছে । ১১১

অতীতেয়ং বার্তা বিরমতু পুরঃ পশু সরলে !

বয়স্শ্চে সোহয়ং স্মিতমধুরিমোগ্ণ্ ষ্টবদনঃ ।

ভুজ-স্তম্ভোন্মাসাদভিমতপরীরন্তুরভসঃ

ম্মর-ক্রীড়াসিকুঃ কিপতি ময়ি বন্ধু ককুহুমম্ ॥ ১১২

অতীতেয়মিতি । সরলে (হে মূঢ়ে, অধুনাপি শ্রীকৃষ্ণশ্চ শঠতাজ্জহাৎ) অতীতা (গত) বার্তা বিরমতু (তিষ্ঠতু), পুরঃ (অগ্রতঃ) পশু, ম্মর-ক্রীড়াসিকুঃ (কামকেলিসাগরঃ) সোহয়ং (প্রেসিকঃ তব চিরপরিচিতঃ কৃষ্ণঃ) তে (তব) বয়স্শ্চঃ (সখা) স্মিতমধুরিমোগ্ণ্ ষ্টবদনঃ (স্মিতশ্চ মধুরিমা মাধুর্যেণ উন্ন্য ষ্টং উৎফুল্লং বদনং যশ্চ তথাভূতঃ সন্) অভিমত-পরীরন্তুরভসঃ (অভিমতে অতীষ্টে পরীরন্তে আগ্নেবে রভসঃ উৎকর্ষা যশ্চ তথাভূতঃ) ভুজস্তম্ভোন্মাসাৎ (ভুজৌ স্তম্ভাবিব তয়োঃ উন্মাসাৎ মদালিঙ্গন-অনিব্যমানানন্দাদিতি ভাবঃ) ময়ি বন্ধু ক-কুহুমং (বাধুলীতি ধ্যাতং পুঙ্গং, শ্লেষণে মনো বগ্নতি যৎ তৎ, বন্ধ + উক্ কর্তরি) কিপতি ।

বন্ধু ককুহুমমিতি অত্র বন্ধুককুহুমক্ষেপণ-ব্যাঞ্জেন শ্রীরাধায়া অধর-চূষনমতীষ্টমিতি ব্যঞ্জিতম্ । তথা হি স্তবমালা,—

‘বন্ধুরাধরবন্ধুক-বিকৃষ্টমধুসূদনা ।’

অয়ং হি স্বাভিযোগ ইতি পারিভাষিকশব্দেন শ্রীমদুজ্জ্বলে উক্তঃ ;
তল্লক্ষণং যথা,—

‘স্বাভিযোগো ভবেত্তাব্যক্তিঃ স্মেন পরেণ চ ।’ ১১২

অনুবাদ । হে সরলে, তুমি সেই কপটীর কথা জান না । যাহা গত হইয়াছে, সে কথা দূরে থাক । সম্মুখে দেখ, কামক্রীড়ার সাগরসদৃশ যাহার হৃদয় নিরন্তর কুঞ্জ-লীলাবিলাস-তরঙ্গে উদ্বেলিত, সেই তোমার সখার বদন দ্বৈধ হাস্তের মাধুৰ্য্যে মগ্নিত । আমাকে আলিঙ্গন করিতে অভিলাষ করিয়া তিনি আনন্দিত হইয়াছেন ও তদীয় স্তম্ভসদৃশ ভূজ-বৃগল ভাবী হর্ষে উল্লসিত হইয়াছে । তিনি আমার প্রতি স্বীয় অভিলাষ আপনচ্ছলে বাঁধুলী ফুল নিক্ষেপ করিতেছেন ।

এই শ্লোকে পূৰ্ব্বরাগ-দশায় রতি—উদ্বোধের কারণস্বরূপ স্বাভিযোগ ভঙ্গী-ক্রমে প্রকাশিত হইয়াছে ।

‘স্বরক্রীড়া-সিন্ধু’ পদে শ্রীকৃষ্ণের ধীরললিত নায়কোচিত স্বভাবই ধ্বনিত হইয়াছে । শ্রীচৈতন্যচরিতামৃতে আছে,—

‘রায় কহে কৃষ্ণ হয় ধীরললিত,

নিরন্তর কামক্রীড়া যাহার চরিত ।

রাত্রি দিনে কুঞ্জক্রীড়া করে রাধার স্নেহে,

কৈশোর বয়স সফল কৈল ক্রীড়া রঙ্গে ।’ ১১২

তদ্ব্যস্তিষ্ঠ ব্রীড়াবতি ! নিবিড়-মুক্তালতিকরা

যথানৈনং ধূর্তং সখি ! যধুপুরীং যাতি ন যথা ।

ইতি প্রেমোপলীলস্বকদমুভবান্নকৃষ্ণাভিমা

সখীনামাক্রন্দং ন কিল কতিশঃ কল্পয়তি । ১১৩

তদ্বিত্তি । ব্রীড়াবতি (হে লজ্জাবতি ললিতে !) তৎ (তস্মাৎ)
উত্তিষ্ঠ, নিবিড়মুক্তালতিকয়া (নিবিড়য়া ঘনসন্নিবিষ্টয়া মুক্তা-
লতয়া মৌক্তিকহাররূপয়া মৌক্তিকগুচ্ছেনেত্যর্থঃ) এনং ধূর্তং বধান
(তথা বন্ধনং ঘটয়) যথা মধুপুরীং ন যাতি (ন গন্তং শক্নোতীত্যর্থঃ) ।
ইতি (এবং) প্রেমোন্মীলন্তুবদনুভবারুচজড়িয়া (প্রেয়া উন্মীলন্
বিকশন্ ষঃ ভবদনুভবঃ দিব্যোন্মাদজনিতঃ ত্বদীয়াচরণমিতি শেষঃ, তেন
আরুচঃ সঞ্জাতঃ জড়িয়া জাত্যঃ যস্মাৎ সা, 'জাত্যমপ্রতিপত্তিঃ'
ব্যভিচারিভাবোহয়ং) কতিশঃ (কতিবারং) সখীনাং (সখ্যাকমিতি শেষঃ)
আক্রন্দং (উচ্চক্রন্দনং) ন কিল কন্দলয়তি (ন বর্দ্ধয়তি ? অপি তু
সদৈব বর্দ্ধয়তীতি ভাবঃ) । ১১৩

অনুবাদ । 'হে লজ্জাবতি ললিতে ! সেই জন্ম উঠ, ঘনগ্রথিত
মুক্তাগুচ্ছের দ্বারা সেই শঠকে বন্ধন কর, বাহাতে সে মথুরায় আর না
যাইতে পারে' । এই রূপ উন্মাদদশায় শ্রীরাধার প্রোচ প্রেম হইতে উখিত
যে সকল তোমার আচরণ তদ্বারা তিনি জাত্য ভাব প্রাপ্ত হইয়াছেন
অর্থাৎ প্রেমে জড়তা প্রাপ্ত হইয়া ক'বার না সখীগণের (আমাদের)
ক্রন্দন বিবদ্ধিত করিতেছেন ? অর্থাৎ তাঁহার এইরূপ দারুণ দুঃখ-দশা
দেখিয়া আমরা নিরন্তর ক্রন্দন করিতেছি ।

এই শ্লোকের দ্বিতীয়চরণে শ্রীরাধিকার উক্তি পরিসমাপ্ত হইয়াছে । ১১৩

অহো কষ্টং বাল্যাদহমিহ সখীং তৃষ্টহৃদয়া
মুহূর্ম্মানগ্রহিঃ সহস্রসরলাং গ্রাহিতবতী ।
তদারম্ভাদগোপীগণ-রতিপুরো ! নির্ভরমসৌ
ন লোতে লুকাপি বদমলতুজন্তুরন্তসম্ ॥ ১১৪

অহো ইতি । গোপীগণরতি-গুরো (হে গোপীপ্রেমশিক্ষক) অহো
কষ্টং (খেদে, হা মহাদুঃখং) দুষ্টহৃদয়া অহং ইহ (বৃন্দাবনে) বালাং
(আশৈশবাং) সহজসরলাং (স্বভাবাকুটিলাং) সখীং (রাধাং) মুহুঃ
পুনঃ পুনঃ) মান-গ্রহিৎ (মানবন্ধং নিরুৎকর্মিত বাবৎ) গ্রাহিতবতী
(গ্রাহয়ামাসে শিক্ষাদানেনেতি শেষঃ । তদুক্তং স্তমালান্নাং, 'ললিতাভীতি-
মানিনৌ') । তদনস্তরং (মানগ্রহেঃ প্রবৃত্তেঃ) অসৌ (মৎসখী) লুকাপি
(লালসাম্বিতাপি) অদমলভূজস্তস্তরভসং (তব অমলেন উজ্জলেন ভূজেন ষঃ
স্তম্ভঃ বন্ধনং পরীরস্ত ইতি শেষঃ তেন রভসং আনন্দং) ন লেভে
(ন লকবতী) ।

'গোপীগণ-রতিগুরো' ইতি বিরুদ্ধলক্ষণয়া ব্যাজস্ততিরিয়ম্ । স্তু
গোপীনাং প্রেমশিক্ষকঃ ভবান্ যতস্তাঃ প্রেমকলাপরিপাটীশিক্ষাদানেন তাসাং
প্রেমাণমাশ্বাদয়ন্ তদন্তে বিরহদুঃখাৰ্ণবে মজ্জয়ামাস । কীদৃশঃ প্রেমরসিকো
ভবানিতি ধ্বনিঃ । 'বিষবৃক্ষোহপি সস্বর্ক্য স্বয়ং ছেত্তমসাম্প্রত'মিতি
শ্রামোহপি ত্বয়া ন গণিতঃ । তথাহি বিদগ্ধমাধবে,—

'শ্বেরং চাপলমাকলষ্য ললিতা মাং হস্ত নিন্দিষ্যতি ।' ইতি কলহা-
স্তরিতায়াঃ শ্রীরাধায়া উক্তিরিয়ম্ । তথাহি উদ্ধবসন্দেশে,—

'বারং বারং দিশসি যদি মাং মাননির্কাহণায় ।' ১১৪

অনুবাদ । হে গোপীগণের প্রেমশিক্ষার অধ্যাপক—তুমি স্বয়ংই
তাঁহাদের প্রেমপরিপাটী শিক্ষা দিয়া তাহা আশ্বাদন করিয়াছ, এখন
তাঁহাদিগকে বিরহ দুঃখ-সাগরে মগ্ন করিলে ? তুমি হৃদয় প্রেম-শিক্ষা দান
করিয়াছ । অহো কি দুঃখ ! আমার হৃদয়ই দুষ্ট, সেই জন্য বালাকাল
হইতে আরম্ভ করিয়া স্বভাব-সরলা আমার সখীকে বারবার
আমি মান শিক্ষা দিয়াছি অর্থাৎ আমার ভয়েই কে মান রক্ষা করিয়াছিল ।

হায় ! সেই সময় হইতেই সে তোমার ইন্দ্রনীলমণিস্তম্ভতুল্য উজ্জলবাহর
আনিদনজনিত আনন্দলাভে মুগ্ধ হইলেও তাহা লাভের সৌভাগ্য প্রাপ্ত
হয় নাই । তুমি চিরদিনই তাহাকে দুঃখ দিয়াছ ।

তাৎপর্য এই যে—শ্রীরাধিকা স্বভাবতঃই সরলা, তিনি শ্রীকৃষ্ণের প্রেমে
মুগ্ধ হইয়া তাহার শতদোষ থাকিলেও তাহা কত সময় দেখিতে পান নাই ।
শ্রীললিতা কিন্তু তদীয় সখীর প্রেমের গৌরব রক্ষা পূর্বক শ্রীকৃষ্ণের দুর্লভতা-
বুদ্ধি বর্দ্ধিত করিতে শ্রীরাধাকে মান শিক্ষা দিয়াছেন । সেই সময় হইতেই
শ্রীরাধিকাকে শ্রীকৃষ্ণ দুঃখ দিয়াছেন । ইহা দ্বারা শ্রীললিতার তাঁহাতে
স্নেহাধিক্যই প্রকাশিত হইল । ১১৪

অলিন্দে কালিন্দী-কমলসুরভৌ কুঞ্জবসতে-
বসন্তীং বাসন্তী-নবপরিমলোদগারিচকুরাম্ ।
ঋতুসঙ্গে নিজ্রা-সুখমুকুলিতাক্ষীং পুনরিমাং
কদাহং সেবিষ্যে কিশলয়-কলাপব্যঞ্জিনী ॥ ১১৫

অলিন্দে ইতি । ‘শীঘ্রমেব শ্রীকৃষ্ণাধনমাগত্যান্মান্ জীবয়েতি ব্যঞ্জয়ন্তী
ললিতাদেবী যথুরাস্বং শ্রীকৃষ্ণং প্রতি স্বাভিলাষমাবিস্কুর্ষতী প্রাহ’ কালিন্দী-
কমলসুরভৌ (যমুনাঙ্গলজ-স্বাসিতে) কুঞ্জবসতেঃ (কুঞ্জভবনস্য)
অলিন্দে (অঙ্গনে) বসন্তীং (তিষ্ঠন্তীং) বাসন্তী-নবপরিমলো-দগারিচকুরাং
(মাধবীলতাকুসুমানাং নবং পরিমলং বিমর্দোখগন্ধং উদ্গিরন্তীতি তথোক্তাঃ
চিকুরাঃ কেশাঃ যশ্চাঃ তাং বাসন্তীলতা-প্রসূনভূষিতকেশামিত্যর্থঃ)
ঋতুসঙ্গে (তব কোড়ে) নিজ্রাসুখমুকুলিতাক্ষীং (সুপ্তিসুখেণ মুকুলিতে
অর্দ্ধমুদ্রিতে অক্ষিণী যশ্চাঃ তাং) ইমাং (রাধাং) কিশলয়কলাপব্যঞ্জিনী
(কিশলয়ানাং নবপত্রাণাং কলাপঃ সমূহ এব ব্যঞ্জনং তদ্বতী গতী ।

‘কলাপো ভূষণে বর্হে তুণীরে সংহংতে চে’তি কোষঃ) অহং কদা পুনঃ সেবিষ্যে (পরিচরিস্যামি) ।

শ্রীললিতায়াঃ প্রগাঢ়সেবালালসাময়ী বিজ্ঞাপ্তরিয়ম্ । শ্রীমদুজ্জল-নীলমণৌ ব্যভিচারিভাবপ্রকরণে নায়িকায়াঃ নিদ্রায়া উদাহরণমিদম্ । ‘নিদ্রা চিত্তনিমীলনম্’ । শ্রীললিতমাধবেহপি যষ্ঠাঙ্কে পদ্যমিদমবিকলং জাম্ববতী-মুখেণ পঠ্যতে । ১১৫

অনুবাদ । শ্রীবৃন্দাবনে আগমন করিয়া আমাদিগকে জীবিত কর, এইরূপ ভাব অভিব্যক্ত করিয়া মথুরাস্থ শ্রীকৃষ্ণের নিকট শ্রীললিতা স্বীয় অভিলাষ জ্ঞাপনপূর্বক বলিতেছেন, ‘হে কৃষ্ণ যমুনার কমল-স্বরভিত নিকুঞ্জ ভবনে শ্রীরাধা অবস্থান করিবেন, তদীয় কেশকলাপ মাদবীলতা-কুসুমগন্ধে অমোদিত হইবে ও তিনি তোমার কোড়ে নিদ্রা স্থখে অর্ধ-মুদ্রিত নেত্রে শয়না থাকিবেন । কবে এইরূপ অবস্থায় নবপত্র সমূহের দ্বারা ব্যঞ্জন (পাখা) নির্মাণপূর্বক তাঁহাকে পুনর্বার সেবা করিব ?’

শ্রীকৃষ্ণের বৃন্দাবনবাস কালে ষেরূপ শ্রীললিতা শ্রীযুগলকিশোরের প্রেম-সেবা করিতেন, সেইরূপ লাভ করিতে একান্ত অভিলাষ সূচিত হইয়াছে, সখীগণের চরিত্রের ইহাই বৈশিষ্ট্য ‘বে, তাঁহারা একা শ্রীকৃষ্ণ বা শ্রীরাধার সেবা বাঞ্ছা করেন না কিন্তু শ্রীকৃষ্ণের সঙ্গে মিলিত ও আনন্দিত শ্রীরাধার সেবাই তাঁহাদের বাঞ্ছনীয় । লতা-মূল বারি দ্বারা অভিব্যক্ত হইলে ষেরূপ পত্রপল্লবাদিও জীবন লাভ করে, সেইরূপ শ্রীরাধার স্থখেই তাঁহারা স্থখিনী হইবেন । ১১৫

ধৃতানন্দাং বৃন্দাবন-পরিসরে শারদনিশা-

বিলাসোল্লাসেন শ্লথিতকবরী-ত্রফকুসুমাম্ ।

তব স্বকোপান্তে বিমিহিতভূজাং গোপরমণীং

কদা কুঞ্জে লীনা রহসি বিহসিষ্যামি সুমুখীম্ ॥ ১১৬

ধৃতানন্দামিতি । বৃন্দাবন-পরিসরে (বৃন্দাবনস্য পর্যন্তভূভাগে, 'পর্যন্তভূঃ পরিসরঃ' ইত্যমরঃ) শারদনিশাবিলাসোল্লাসেন (শারদীয়া ষা নিশা রাত্রিঃ তস্যাং ষো বিলাসঃ শ্রীরাসলীলা তন্ত উল্লাসেন বিবেক-শমন-মদেন ধৃতঃ জনিতঃ আনন্দঃ ষষ্ঠাঃ তাং রাসলীলাসাজনিতামোদামিতি ভাবঃ) শ্লথিতকবরীভ্রষ্টকুসুমাং (শ্লথিতাঘাঃ শ্লথিতাঘাঃ কবর্যাঃ কেশপাশাং ভ্রষ্টানি বিচ্যুতানি কুসুমানি ষষ্ঠাঃ তাং বিস্রস্তকেশকুসুমামিত্যর্থঃ, উক্তঞ্চ শ্রীভাগবতে,—

‘তদঙ্গসঙ্গপ্রমুদাকুলেশ্রিয়াঃ কেশান্ দুকূলং কুচপটিকাং বা ।

নাঙ্গঃ প্রতিব্যোচ মলং ব্রজস্ত্রিয়ো বিস্রস্তমালাভরণাঃ কুরুদ্বহ ॥’

শ্রীশ্রীতিসন্দর্ভে ব্যাভিচারিভাবস্য মদশোদাহরণমিদম্ ।)

স্বকোপাস্তে (স্বকস্য প্রাস্তদেশে) বিনিহিতভূজাং (গুস্তবাহুং) সুমুখীং (সুন্দরং মুখং ষষ্ঠাঃ তাং) গোপরমণীং (শ্রীরাধাং) রহসি (নির্জনে) কুঞ্জে লীনা (নিলীয় স্থিতা সতী) কদাহং বিহসিষ্যামি (পরিহসিষ্যামি ॥

অগ্নিন্ শ্লোকে শ্রীরাসলীলাস্তে নিকুঞ্জ-বিহারো ধ্বনিতঃ । নিবিড়রতি-বিলাসভরালশ্চেন চলিতুমক্ষমামতএব শ্রীকৃষ্ণস্বক-ন্যস্তবাহুবল্লরীং রাধাং কদা কৌতুকভরেণ কুঞ্জে লীনত্বেন দৃষ্টরহোলীলাপৃচ্ছয়া পরিহাসং করিষ্যামীত্যশয়ঃ । ১১৬

অনুবাদ—বৃন্দাবনের প্রাস্তদেশে শারদীয় নিশীথে রাসলীলায় বিবেক-হারী হর্ষ হেতু যিনি বিশেষ আনন্দিত হইয়াছেন, ষাহার বিস্রস্ত কেশপাশ হইতে কুসুম শ্লথিত হইতেছে ও রসালস হেতু তোমার স্বক্কে যিনি ভূজন্যস্ত করিয়াছেন সেই সুন্দরী গোপরমণীমণি শ্রীরাধাকে কবে আমি নিভৃত নিকুঞ্জে লুকাষিত থাকিয়া পরিহাস করিব ।

তাৎপর্য এই যে, শ্রীরাসমৌলার পরে কুঞ্জ বিহার হইয়াছিল। সেই নিকুঞ্জলীলা শ্রীললিতা একান্তে অবস্থান করিয়া দেখিয়াছিলেন। বিহারান্তে সেই বিষয় শ্রীরাধাকে কবে জিজ্ঞাসা করিয়া তিনি তাঁহাকে পরিহাস করিবেন, ইহাই লালসা। ১১৬

বিদুরাদাহর্ষুঃ কুসুমমুপযামি বসধুমা

পুরস্তীরে তীরে কলয় তুলসী-পল্লবমিদম্ ।

ইতি ব্যাজাদেনাং বিদিতভবদীয়-স্থিতিরহং

কদা কুঞ্জে গোপীরমণ । গময়িষ্যামি সময়ে ॥ ১১৭

বিদুরাদিতি । গোপীরমণ (হে গোপীবল্লভ) কদাহং কুঞ্জে বিদিত-ভবদীয়স্থিতিঃ (বিদিতা ভবদীয়া স্থিতির্যয়া তথোক্তা) বিদুরাৎ কুসুমং আহর্ষুঃ (বিচেতুঃ) উপযামি (গমিষ্যামি) । অং অধুনা পুরঃ (অগ্রতঃ) তীরে তীরে (ষমুনায় ইতি শেষঃ) ইদং তুলসী-পল্লবং (তুলসীপত্রং) কলয় (সঞ্চিনু) ইতি (ইথং) ব্যাজাৎ (ছলাৎ) (এনাৎ) (যৎ-সখীং) সময়ে (সঙ্কতিতপূর্বনির্দিষ্টে) গময়িষ্যামি (প্রেষয়িষ্যামি) । ১১৭

অনুবাদ ।—হে গোপীবল্লভ, কবে আমি তোমার কুঞ্জে অবস্থান জানিয়া অর্থাৎ তুমি যে কুঞ্জে আছ তাহা জানিয়া দূরে কুসুম চয়ন করিতে যাইব । ‘তুমি এখন অগ্রে ষমুনার তীরে তীরে তুলসীপত্র চয়ন কর’ শ্রীরাধাকে এই কথা বলিয়া এই প্রকার ছলে সঙ্কতানুরূপ নির্দিষ্ট সময়ে তাহাকে তোমার নিকট প্রেরণ করিব ?

ইহাধারা সখীগণের স্বসুখাভিলাষশূন্য বিশুদ্ধ প্রেম-সেবাই অভিব্যক্ত হইয়াছে । ১১৭

ইতি শ্রীকংসারেঃ পদকমলয়োগোকুল-কথাং

নিবেশ্য প্রত্যেকং ভজ পরিজনেষু প্রণয়িতাম্ ।

নিজাদে কাদম্বী-সহচর ! বহন মগুনতয়া

স বাভ্যুচৈঃ প্রেম-প্রবণমমুজগ্রাহ ভগবান্ । ১১৮

ইতীতি । কাদম্বীসহচর (হে মরালীপ্রিয়) নিজাদে গোকুল-কথাং (ব্রজ-বার্তাং) মগুনতয়া (ভূষণতয়া) বহন শ্রীকংসারেঃ (শ্রীকৃষ্ণ) পদকমলয়োঃ (পাদ-পদয়োঃ) নিবেদ্য প্রত্যেকং পরিজনেষু (শ্রীকৃষ্ণ-নিজ-জনেষু মথুরাবাসিষু) প্রণয়িতাং (প্রীতিং) ভজ (লভস্ব, কথমিত্যাহ— ভগবান্ (শ্রীকৃষ্ণঃ ষঃ) প্রেমপ্রবণং (প্রণয়াধিক্যং) অমুজগ্রাহ (অমু-গৃহীতবান্) স উচৈঃ ষাতি (উন্নতিং লভতে, স এষ সৌভাগ্যভাক্ ইত্যর্থঃ) । ১১৮

এতেন শ্রীকৃষ্ণমু মথুরাবাসিষু প্রেমবিশেষঃ ধ্বনিতঃ, স্বেষু ঐদাসীশ্রুং, 'স্বধং প্রভাতা রজনীয়'মিতিবৎ ।

অনুবাদ । হে মরালীবল্লভ, এই গোকুলের কাহিনী তোমার শরীরে ভূষণ রূপে বহন করিছা শ্রীকৃষ্ণের পাদপদ্ম-যুগলে নিবেদন করিও এবং তথায় তদীয় নিজজন-সমূহে প্রত্যেককে প্রেম প্রদর্শন করিও, কারণ তাহাদের ভাগ্যের সীমা নাই । শ্রীকৃষ্ণ ষাহাকে প্রেমাধিক্য প্রদর্শন করেন, সেই জগতে উন্নত-সৌভাগ্যশালী হয় ।

মথুরাবাসিগণের শ্রীকৃষ্ণ-প্রেম লাভে সৌভাগ্যাতিশয় প্রকাশ করিয়া নিজেদের দুর্ভাগ্য ও দৈন্ত সূচিত হইয়াছে । ১১৮

মিলদৃভুঙ্গীং হংসীরমণ । বনমালাং প্রথমতো

যুদা ক্ষেমং পৃচ্ছন্নিদমুপহরেথা মম বচঃ ।

চিরং কংসারাতেকরসি সহবাসপ্রণয়িনীং

কিমেনামেপাঙ্গীং শুণবতি । বিসম্মার শুবতী । ১১৯

মিলদভূঙ্গীমিতি । হংসীরমণ (ইতি সম্বোধনং) প্রথমতঃ (আদৌ) মিলদভূঙ্গীং (মিলন্তঃ সৌরভেণাগচ্ছন্তঃ ভূঙ্গাঃ ষস্যাং তাং) বনমালাং (কৃষ্ণ-বক্শ্বিতামিতি শেষঃ) মুদা (আনন্দেন) ক্ষেমং (মঙ্গলং) পৃচ্ছন্ (জিজ্ঞাসন্) ইদং যম বচঃ উপহরেণাঃ (ক্রুহি, কিমিত্যাহ,) গুণবতি (ইতি সম্বোধনং) চিরং কংসারাতেঃ (কৃষ্ণশ্চ) উরসি (বক্শসি) সহবাসপ্রণয়িনীং (সহবাসে ত্বয়া সইকত্রাবস্থানে প্রণয়িনীং অমুরাগিণীং এনাং এণাক্ষীং (যুগনয়নীং রাধাং) কিং ভবতী বিসম্মার (বিস্মৃতবতী) ।

অগ্নিন্ শ্লোকে শ্রীরাধায়াঃ প্রণয়েৰ্য্যা ব্যঙ্গ্যা, যতঃ শ্রীকৃষ্ণবক্শ্বিতয়া বনমালায়া সহ তস্যাঃ সাপক্ষ্য-ভাবো ধ্বংসতে । মাদনাখ্য-মহাভাবস্যাকুভাবো-হয়ম্, ঈদৃশেণ শ্রীমদুজ্জ্বলে উক্তঃ, ‘অত্রৈৰ্য্যায়া অযোগ্যেহপি প্রবলেৰ্য্যা বিধায়িতা’ । উক্ত তচ্চ শ্রীদানকেলি-কৌমুদী-শ্লোকঃ ষথা,—

“বিষুদ্ধাভিঃ সার্কং ব্রজ-হরিণ-নেত্রাভিরনিশং
তমছা বিদেষং কিমিতি বনমালে ! রচয়সি ।
তৃণীকুর্কৃত্যস্মান্ বপুৰঘরিপোরাশিখমিদং
পারস্বজ্যাপাদং মহতি হৃদয়ে ষা বিহরসি ॥” ইতি

ন কেবলং বনমালাং প্রতি প্রণয়-বিস্মৃতি-হেতুরাক্ষেপোহয়মপি তু ভঙ্গ্যা শ্রীকৃষ্ণং প্রতি প্রধানত ইতি অনুধ্বনিঃ । ১১২

অনুবাদ । হে হংসীপ্রিয়, প্রথমেই কৃষ্ণ-বক্শ্বিত বনমালা—যাহার সৌরভে আকৃষ্ট হইয়া ভ্রমর-সমূহ আগমন করিতেছে, তাঁহাকে আনন্দে কুশল জিজ্ঞাসা করিয়া আমার এই সকল বাক্য কহিও । তাহা এইরূপ, “হে গুণবতি, চিরকাল শ্রীকৃষ্ণের বক্শ্বলে তোমার সহিত একত্র বাস করিতে অমুরাগিণী-বে যুগনয়না রাধা তাঁহাকে কি আগুনি জ্বলিয়া গিয়াছেন ?

বনমালায় প্রতি বিশ্বৃতি-হেতু প্রণয়াভিযোগ প্রকাশ করা মুখ্য উদ্দেশ্য নহে, শ্রীকৃষ্ণের প্রতিই ভগ্নী-ক্রমে এই প্রণয় করা হইতেছে । ১১০

ইদং কিম্বা হস্ত স্বরসি রসিকে । খণ্ডনকৃষা
পরীতাকী গোবর্দ্ধনগিরি-নিতম্বে মম সখী ।
